বালবৎস —কপোত, পায়রা।

অনুকর্ষ --রথের অধোস্থিত চক্রোপরিবদ্ধকাষ্ঠ,প্রার্থনা করিয়া দেবতাকে আহ্বান-আকর্ষণ।

সন্নিকর্ষ --নৈকট্য,বিষয় ও ইন্দ্রিয়ের সম্বন্ধ,সামান্যজ্ঞান ও লক্ষণা-যোগজ=৩,প্রত্যক্ষ সাধনোপায়

অপকর্ষ --অপকৃষ্টতা, অপ্রাধানত্ব, নীচতা।

বিপ্রকর্ষ --দূরত্ব, দূরবর্ত্তী হওয়া।

দশাকর্ষ —প্রদীপ, বস্ত্রাঞ্চল। (যাং) চেরাক।

আত্মোৎকর্ষ-আত্মোন্নতি, নিজের শ্রেষ্ঠত্ব।

আত্মদর্শ —আয়না, দর্পণ, আদর্শ, মুকুর।

কুলাদর্শ --বংশাবলী ও বংশপরিচায়ক বিষয়ক শাস্ত্র

জলাদর্শ --জল দর্পণ।

দুষ্প্রধর্ষ --অধর্ষণীয়, দুর্দ্ধর্ষ।

বর্ষধর্ষ —নপুংসক, খোজা, অন্তঃপুর রক্ষক।

উপস্পর্শ --স্নান, আচমন, পান, স্পর্শ।

তলস্পর্শ --অগভীর, ঢালু।

ত্র্যহস্পর্শ —একদিনে তিন তিথির মিলন।

হরিবর্ষ —পৃথিবীর নবম বর্ষের এক বর্ষ।

অপমর্শ —[অপমর্ষ] নিন্দা, অপহরণ, স্পর্শ, সঙ্ঘর্ষ।

অবমর্শ --[অবমর্ষ] আলোচনা।

পরামর্শ --[পরামর্ষ] বিবেচনা, স্পর্শ, মন্ত্রণা।

পরিমর্শ —সংস্পর্শ, ঘর্ষণ।

পরিমর্ষ —ঈর্ষা, অসূয়া, দ্বেষ।

দন্তহর্ষ —দন্ত রোগ বিং।

রোমহর্ষ —[লোমহর্ষ] লোমস্ফূরণ, গায়েকাঁটা দেওয়া

অস—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

লোহিতায়স্—[লোহিতায়স] তাম্র, তাঁবা।

ঘর্ম্মপয়স্ —ঘামের জল, ঘাম, গরম জল।

পাতালৌকস্-পাতালের অধিবাসী, সর্প, দৈত্য।

অমিতৌজস্—পরাক্রান্ত, সর্ব্ব শক্তিমান্।

অগ্নিরজস্ —ইন্দ্রগোপকীট নামক রক্ত বর্ণ কীট।

পরোরজস্—রজোগুণের অতীত।

বীররজস্ —সিন্দূর, সিঁদুর।

নাচিকেতস্—স্বনাম প্রসিদ্ধ মুনি বিং, অগ্নি।

অধরতস্ —নীচে, নিম্নে, অধোভাগে।

অমৃতান্ধস্ —দেবতা, অমর।

অভিমনস্ —অতিশয় উৎসুক, উৎকণ্ঠিত চিত্ত।

কৃত্তিবাসস্—শিব, কবি বিং, চর্ম্মব্যবসায়ী।

দন্তবাসস্ —ওষ্ঠ, ঠোঁট।

গজদ্বয়স —হস্তি পরিমাণ, গজবয়ঃক্রম।

জলবায়স —পানিকৌড়ি, জলকাক, মদ্গু পক্ষী।

শুক্লবায়স —বক।

শ্বোবসীয়স —শুভ, মোক্ষ, মঙ্গল, কুশল, পরদিন ভাবিশুভ

ব্রহ্মরাক্ষস —দৈত্য, মহাদেবের গণ বিং, ভূত বিং।

ব্রহ্মবর্চ্চস —ব্রাহ্মণের ব্রতানুষ্ঠান ও বেদাধ্যয়ন জনিত সম্পত্তি, ব্রহ্মতেজঃ।

অসমঞ্জস —অসদৃশ, অসঙ্গত, সগর রাজার জ্যেষ্ঠপুত্র।

পটবেতস —তাম্বু, কানাৎ।

অম্বুবেতস —এক প্রকার বেত-যাহা জলে জন্মে।

আম্লবেতস —[অম্লবেতস] চুকা পালম।

হতসাধ্বস —নির্ভীক, সাহসী।

রোমবিধ্বংস—গাত্র উকুণ বিং।

লতাপনস —তরমুজ গাছ।

ক্ষুদ্রপনস —লকুচ, মন্দার বৃক্ষ।

মনোজবস —পিতৃতুল্য, পিতৃ সদৃশ।

ধান্যচমস —চিপিটক, চিড়া।

নভশ্চমস —চন্দ্র, ইন্দ্রজাল, পিষ্টক বিং, চিত্রাপুপ।

অতিরোমশ—বন্য ছাগ, বৃহৎ বানর, অতি লোম বিশিষ্ট

কনকরস —হরিতাল।

অম্লগোরস—তক্র, ঘোল।

অমৃতরস —সুধা, দেবান্ন।

বিপুলরস —ইক্ষু, আক।

রাজসারস —ময়ূর, শিখী।

ইন্দ্রসুরস —সিন্ধুবার বৃক্ষ, নিসিন্দা গাছ।

পরমহংস —সন্ন্যাসী বিং, মহাযোগী, সিদ্ধপুরুষ বিং।

পেটসর্ব্বস্ব —পেটুক, উদরম্ভরি।

অসূর্য্যম্পশ্য—সূর্য্যাদর্শী, অতিগুপ্ত, যে সূর্য্যকেও দেখে না।
অনুপ্তশস্য —যেখানে শস্য বুনা হয় নাই।
অগ্নিরহস্য —আগ্নেয়যন্ত্র, অগ্নিসংহিতা, অগ্নিপ্রদর্শক যাদু
উড়ুক্কুমৎস্য—মৎস্যবিং, যে মৎস্য উড়িতে পারে।
তপস্যামৎস্য—মৎস্য বিং, তপসী মাছ।
অতলস্পর্শ —অগাধ, অতি গভীর।
কীলসংস্পর্শ—গাব গাছ।
রাহুসংস্পর্শ—চন্দ্র-সূর্য্য গ্রহণ, উপরাগ।
ভারতবর্ষ —হিন্দুস্থান, জম্বুদ্বীপের বর্ষ বিং।
কারণকর্ষ্য —(দেং) অপ্রতুল, অনাটন।

অস—অন্ত। (৬) ষড়ক্ষর।

মৃদুকৃষ্ণায়স —সীসক, সীসা।
পুরুষদ্বয়স —পুরুষ পরিমিত।
অরণ্যবায়স —দ্রোণ কাক, ডাঁড় কাক।
প্রাচীনপনস —বিল্ব বৃক্ষ, বেলগাছ।
উত্তমসাহস —দণ্ডবিং, ১–১৮ হাজার পণদণ্ড, উত্তমসাহস
প্রথমসাহস —অর্থ দণ্ড, সামান্য দণ্ড।
মধ্যমসাহস —দণ্ড বিং, বলদর্পে অন্যের দ্রব্যাদি ভাঙ্গিয়া দেওন রূপ অপরাধ।
উদরসর্ব্বস্ব —পেটুক, উদর পরায়ণ।

আস—অন্ত। (২) দ্ব্যক্ষর।

আস্ —[ধা] উপবেশন-অধ্যাস, অধ্যাসন, উপাসনা।

কাশ্ —[ধা] দীপ্তি-প্রকাশন,প্রকাশ,সঙ্কাশ,আকাশ।
কাস্ —[ধা] কাসা-কাস, কাসন, কাসর (মহিষ)
ক্যাশ —[ইং] নগদ টাকা, রোক টাকা।
দাশ্ —[ধা] দান-দাশ, দাশন, দাশিত।
দাস্ —[ধা] দান-দাস,দাসী, দাসিকা, দাসেয়, দাসিত
বাশ্ —[ধা] শব্দ-বাশি, বাশন, বাশিত, বাশিতা।
বাস্ —[ধা] গুণান্তর কৃ,ইচ্ছা-বাসন,বাসিত,বাসনা।
ব্রাশ্ —[ইং] বুরুশ, কুঁচি, মার্জ্জনী, তুলী।
ভাষ্ —[ধা] কথন-ভাষণ,অভাষা, আভাষণ,ভাষা।
ভাস্ —দীপ্তি-ভাস, ভাসন, আভাস, ভাসিত।
মাস্ —[মাস] চন্দ্র।
রাশ্ —(রাস্) [ধা] শব্দ-রাস, রাশভ, রাসভ।
শাস্ —[ধা] শাসন-শাস্তি,শিষ্টি,আশিষ, আশাসন।
অাস —ধনুক, চাপ।
অাঁশ —(দেং) সূক্ষ্ম তন্তু, চোঁচ, মৎস্যাদির ত্বক্, বস্ত্র
গাত্রোত্থিত অংশু, শল্ক, আম্রফলের অন্তরস।
কাশ —[কাস] কেশে ফুল,কাশ রোগ, প্রকাশ,কেশে।
খাস —[যাং] অসাধারণ,সরকারী,রাজসম্পর্কীয়।
গ্রাস —কবল, গিলন, গেলা, ভক্ষণ।
ঘাস —দূর্ব্বাদি তৃণ, যবস, গবাদি ভোজ্য তৃণ।
চাষ —সোণার চড়ুই, নীলকণ্ঠ পক্ষী, কৃষি কর্ম্ম।
চাস —পক্ষী বিং, ইক্ষু, আক, নীলকণ্ঠ পক্ষী।

ঘাস —দুরালভা লতা।
ডাঁশ —[দং] মশক বিং, দংশ মক্ষিকা।
তাস —[দেং] ক্রীড়ার্থ চিত্রিত ক্ষুদ্র পট, বস্ত্র বিং।
ত্রাস —ভয়, শঙ্কা, কলঙ্ক, মণির দোষ, সাধ্বস।
দাশ —[দাস] ধীবর, ভৃত্য, শূদ্রের উপাধি বিং।
নাশ —মৃত্যু, ধ্বংস, অদর্শন, পলায়ন, নির্ধন।
নাস —[দেং] তাম্রকুট চূর্ণ—নস্য।
ন্যাস —নিক্ষেপ, গচ্ছিত দ্র, বিন্যাস, রাখা, অর্পণ।
পাশ —রজ্জু, অস্ত্র বিং, ফাঁদ, সূত্র, বিলাস। (দেং)পার্শ্ব
পাঁশ —[দেং] ছাই, ভস্ম।
প্রাস —ক্ষেপণীয় অস্ত্র বিং, কোঁচ, কুন্ত অস্ত্র।
ফাস —(দেং) বাজে, অকর্ম্মণ্য, অশ্লীল।
ফাঁস —(দেং) বাগুরা, বন্ধনী, গেরো।
বাস —বাসস্থান,মন্দির,ভবন,গৃহ,স্থিতি,বস্ত্র,সুগন্ধ।
ব্যাস —মুনি বিং, গোল বস্তুর মধ্য রেখা, দ্বৈপায়ন, বিস্তার, বিভাগ, সমাস বিগ্রহ বাক্য।
বাঁশ —বেণু, বংশ, তৃণরাজ।
বাংশ —বংশ সম্বন্ধীয়।
ভাস —দীপ্তি, ইচ্ছা, গোষ্ঠ, গৃধ্র, কুক্কুট, পক্ষী বিং।
মাষ —[মাস] ব্রীহি ভেদ,মাষ কলাই,স্বর্ণাদির পরিমাণ বিং, মায়া, মূর্খ, ত্বগ্ দোষ বিং।
মাস —বৈশাখাদি দ্বাদশ মাস, পরিমাণ বিং, মাষা।

মাংস—শরীরাংশ বিং, পিশিত, কাল, কীট, ধাতু বিং।
রাস —শ্রীকৃষ্ণের লীলা-ক্রীড়া-উষ্ট্র বিং, কোলাহল, শৃঙ্খল, স্ত্রী সহ বিহার, ভাষা, কথা, পথ, জনরব।
লাস —নৃত্য, স্ত্রীলোকের নৃত্য। (যাং) মড়া, মৃতদেহ।
শ্বাস —নিশ্বাস, রোগ বিং। (যাং) শাশুড়ী।
শাঁস —(দেং) ফলাদির সার ভাগ।
হাস —হাস্য, হাসি।
হ্রাস —ক্ষীণতা, ক্ষয়, শব্দ।
হাঁস —(দেং) মরাল, হংস।
আশ্ব —অশ্ব সমূহ, অশ্ব বাহ্যরথাদি।
দাশ্ব —দান শীল, দাতা, দানকর্ত্তা।
শ্বাশ্ব —ভৈরব, কুক্কুর বাহন।
আস্য —মুখ, মুখ মধ্য।
কাশ্য —মগু, মদ, সুরা।
কাংস্য—পান পাত্র, মিশ্র ধাতু বিং, কাঁসা, বাদ্যযন্ত্র বিং
দাস্য —সেবা জীবিকা, দাসত্ব।
ধাষ্য —ঋত্বিক্, পুরোহিত।
ভাষ্য —বিবরণ গ্রন্থ, গৃহ বিং, সূত্র, কথনীয়, ব্যাখ্যান।
মাষ্য —মাষ কলায়ের ক্ষেত।
লাস্য —স্ত্রীলোকের নৃত্য, নাচ, তৌর্য্যত্রিক, নর্ত্তক, নট
শাস্য —শাসন যোগ্য, উপদেষ্টব্য, শিক্ষণীয়।
হাস্য —হাসি, কাব্যের রস বিং, উপহসনীয়, পরিহসনীয়

বাসঃ—বস্ত্র, কাপড়।

বাৎস্য—মুনি বিং।

আর্ষ —বিবাহ বিং, ঋষি প্রণীত, ঋষি সম্বন্ধীয়।

মার্ষ —মারিষ, মান্য ব্যক্তি।

পার্শ্ব —[পাশ] কক্ষের অধোভাগ, একদেশ, পশুগণ, পার্শ্বস্থিত অস্থিসমূহ,সমীপ,নিকট,ধার,জিন বিং

কার্শ্য—কৃশতা, ক্ষীণতা, কর্ম্ম, শাল বৃক্ষ, লকুচ।

আস--অন্ত। (৩) ত্র্যক্ষর।

বিপাশ্—পঞ্জাবের নদী বিং, রেবা।

সমাস্ —সংবৎসর।

প্রয়াস —আয়াস, চেষ্টা, ক্লেশ, শ্রম, যত্ন।

আকাশ--পঞ্চম ভূত, গগণ, শূন্য, অন্তরীক্ষ।

নিকাষ —কর্ষণ, ঘর্ষণ।

নিকাশ—[নিকাস, নীকাস] শেষ হওয়া, পরিস্কার,তুল্য

প্রকাশ —কাংস্য,দীপ্তি,রৌদ্র, সাদৃশ্য, প্রকটন, বিস্তার, শোভা, বিকাশ, জ্ঞান, সদৃশ,আবিস্কৃত,বিস্তারিত, ব্যক্ত, সাধারণ, স্পষ্ট, পরিস্কার।

বিকাশ—[বিকাস, বীকাশ] প্রকাশ, উল্লাস, প্রসার, আকাশ, গোপন, বিজন, বিষম গতি।

সকাশ —সমীপ, নিকট, কাশ যুক্ত।

সঙ্কাশ —সমীপ, নিকট, সদৃশ, তুল্য, একরূপ।

উৎকাশ—[উৎকাস] কাশ রোগ বিং।

নিষ্কাশ—বারাণ্ডা, বাতায়ন।

সুখাশ —জলেশ্বর-বরুণ, তরমুজ, কাঁকুড়, ভোজনবিলাসী

অক্ষাংশ—৩৬০ ভাগে বিভক্ত ভূভাগের এক এক ভাগ।

পাঙ্গাশ—(দেং) পাণ্ডুবর্ণ, পাংশুবর্ণ, ফিকা, মৎস্যবিং।

পিঙ্গাশ—পল্লির ও গ্রামের প্রধান ব্যক্তি, মৎস্য বিং।

উচ্ছ্বাস—বিকাশ, নিশ্বাস, আশ্বাস স্ফীতি, প্রাণ, বি-
শ্লেষ, আকাঙ্ক্ষা, অধ্যায়, পরিচ্ছেদ, ফাঁক।

নির্য্যাস—ক্ষরণ, নিস্যন্দ, ক্বাথ, আঠা, নিশ্চয়, মীমাংসা।

পর্য্যাস—পরিবর্ত্তন, বিস্তার, বিনাশ, পতন।

কটাস —[দেং] অব্যক্ত শব্দ বিং।

খটাশ —বন্য জন্তু বিং, খটাশ, গন্ধ গোকুলা।

বাতাস —[দেং] বাত, বায়ু।

হতাশ —নির্দ্দয়, নিরাশ, দুষ্ট, বন্ধ্য, দুর্ব্বল, অক্ষম।

ব্যত্যাস—ব্যতিক্রম, বিপর্য্যয়, বৈপরীত্য।

বিত্রাশ —অতিশয় ত্রাস, অত্যন্ত ভয়।

উত্রাস —ভয়, ত্রাস।

উদাস —উদাসীন, বিরাগী, মধ্যস্থ, বৈরাগ্য।

ব্যুদাস —নিরাস, নিবারণ, মর্দ্দন, নিরাকরণ, ঔদাস্য,
অবজ্ঞা, পরিত্যাগ, সম্যক্ ব্যবহার না করা।

আদ্দাশ—(দেং) নিবেদন, অভিযোগ।

মান্দাস—(দেং) ডোঙ্গা, ভেলা, দ্রোণী।

অধ্যাস—আরোপ, এক বস্তুতে অন্য বস্তুর জ্ঞান, আসন,

আধিপত্য, অধিষ্ঠান।

সন্ধ্যাংশ--যুগ সন্ধি, সত্যাদি যুগের ১ম ও শেষ অংশ।

কীনাশ—বানর বিং, যম, কৃষক, নীচ, গুপ্ত হন্তা, পশুঘাতক

গোনাস--বৃহৎ সর্প, বোড়াদি, বৈক্রান্ত মণি।

দূর্ণাশ —যাহা অতি কষ্টে নষ্ট করা যায়, দুঃখ হত।

বিনাশ —মৃত্যু, ক্ষয়, অপচয়, লোপ, সংহার, অদর্শন।

পিন্যাস--হিঙ্গুল, হিং।

বিন্যাস —স্থাপন, রচনা, সজ্জা, স্থান, কেশ সংস্কার।

সন্ন্যাস —সংসারের বাসনা পরিত্যাগ, ভিক্ষুধর্ম্ম, ত্যাগ, সমর্পণ, জমারাখা, রোগ বিং, জটামাংসী।

ভগ্নাশ —হতাশ, নিরাশ, নির্ভরসা।

ভগ্নাংশ —খণ্ডিতাংশ, ভাঙ্গা ভাগ।

পর্ণাস --তুলসী বৃক্ষ।

উপাস —উপবাস, অনাহার।

কাপাস —[কার্পাস] (দেং) তুলা, কার্পাস বৃক্ষ।

উৎপ্রাস—ঈষৎ হাস্য, উপহাস।

সোৎপ্রাস-ঈষৎ হাস্য যুক্ত বাক্য, অধিক, বৃদ্ধিযুক্ত।

কুর্পাস —(কুর্পাস) কঞ্চুলিকা, কাঁচুলি।

আবাস--[নিবাস] গৃহ, ভবন, বাসস্থান।

শ্রীবাস —শিব, পদ্ম, টার্পিণ, বিষ্ণু, নারায়ণ।

জীবাশ —জীবনাশা যুক্ত-যে জীবনের আশা করে।

প্রবাস —দেশান্তরে বাস, দেশান্তরে গমন।

সবাস —গন্ধযুক্ত, যাহার গৃহ আছে, গৃহস্থ, সবস্ত্র।
সুবাস —সুগন্ধ, উত্তম নিবাস, উত্তম বস্ত্র।
সংবাস—বাসস্থান, সভা, সমাজ, গৃহ।
আভাষ—ভূমিকা, অনুষ্ঠান, আলাপ।
আভাস—অভিপ্রায়, সাদৃশ্য, দীপ্তি, দোষ, প্রতিবিম্ব,
প্রভাষ —প্রকৃষ্টরূপে কথোপকথন, বসু বিং।
প্রভাস —জৈন গণাধিপ বিং, বসু বিং, সোম তীর্থ।
অভ্যাশ—[অভ্যাস] পুনঃ ২ অনুশীলন, আবৃত্তি, গুণন,
নৈকট্য, নিকট, ধনুর্ব্বিদ্যা শিক্ষা ক্র।
সম্ভাষ —পরস্পর কথোপকথন, আলাপন, অভ্যর্থনা।
সমাস —সংগ্রহ, মিলন, সংক্ষেপ, সমাহার, দ্বি বা বহু
পদের একপদী করণ।
অমাংস—কৃশ, দুর্ব্বল, ক্ষীণ কায়, নিরামিষ ভক্ষ্য বস্তু।
দুরাস —দুর্দ্দান্ত।
নিরাশ —আশা শূন্য, হতাশ, নিস্পৃহ।
নিরাস —নিরাকরণ, দূরীকরণ, নিঃক্ষেপ, ত্যাগ, খণ্ডন।
নীরাস —লাঙ্গলের ফাল, নাস্তিক, ঈশ শূন্য।
দূরাশ —পীড়িত, ক্লেশ প্রাপ্ত।
কিলাস—রোগ বিং, ছুলি।
কৈলাস—পর্ব্বত বিশেষ।
গেলাস—জলপাত্র বিশেষ।
গোলাস—গোময় কীট, গোময়চ্ছত্রিকা, কোঁড়ক ছাতা।

পলাশ —পত্র-যে বায়ু দ্বারা চলে,এবং বৃক্ষকে ব্যাপে, কিংশুক বৃক্ষ, দানব, প্রেত, রাক্ষস,মগধদেশ, হরিদ্বর্ণ, শ্যামবর্ণ বিশিষ্ট, নিষ্ঠুর।

পালাশ—তেজপাত, পলাশ বৃক্ষ সম্বন্ধীয়, হরিৎ বর্ণ।

বলাশ —[বলাস] শ্লেষ্মা, কফ।

বিলাস—অঙ্গভঙ্গী বিং, স্ত্রীদিগের শৃঙ্গার চেষ্টা বিং, নায়কের আমোদ, শোভা, সুখভোগ, রমণ।

উল্লাস —আনন্দ, উজ্জ্বলতা,গ্রন্থের পরিচ্ছেদ,প্রকাশ।

হুল্লাস —হিক্কা, হেঁচ্‌কি।

কল্মাষ ---কৃষ্ণবর্ণ,শ্বেতকৃষ্ণ মিশ্রিত বর্ণ,রাক্ষস,দানব।

কুল্মাষ —[কুল্মাস] আমানি, বোরোধান, অপরিপক্ক যব, রোগ বিং, খিচুড়ি, যাউ, কুলথ।

দুঃশাস—অদম্য, দুর্য্যোধনের মধ্যম ভ্রাতা।

আশ্বাস--আশা দান, অনুনয়, বিবৃতি, স্নেহ প্রদর্শন।

ইষ্বাস —ধনুর্দ্ধর, তীরন্দাজ।

খশ্বাস —বায়ু, সমীরণ।

নিশ্বাস—[নিঃশ্বাস] নাসাগতবায়ু, প্রাণবায়ু,বহির্মুখশ্বাস

প্রশ্বাস —দীর্ঘনিশ্বাস, নাসিকা বায়ুর বহির্গমন।

বিশ্বাস ---প্রত্যয়, বিশ্রম্ভ, শ্রদ্ধা, আশ্বাস, আশ্রয়।

অংশাংশ--ভিন্ন ২ অংশ, বিভাগ, ভাগ, প্রভাগ।

বর্ষাংশ —মাস, বৎসরের একাংশ।

স্নেহাশ —প্রদীপ, বর্ত্ত্যাধার।

প্রহাস —[অট্টহাস] উচ্চহাস্য, সোম তীর্থ,শিব, নট।
গোষ্ঠাশ্ব—নিন্দুক, কুৎসাবাদী।
বাতাশ্ব—[কুলীনাশ্ব] উত্তম ঘোটক।
সিতাশ্ব—শ্বেতবাহন, অর্জ্জুন।
সপ্তাশ্ব —সূর্য্য, দিনকর।
যথাস্ব —যথোচিত রূপে, প্রকৃত।
ভদ্রাশ্ব —পৃথিবীর নবম বর্ষান্তর্গত বর্ষ বিং।
দ্বিপাশ্ব —হস্তী, হাতী, কুঞ্জর।
দেবাশ্ব —উচ্চৈঃশ্রবা, ইন্দ্রের ঘোটক।
গ্রাম্যাশ্ব--গর্দ্দভ, গাধা।
দশাশ্ব —দশ অশ্বের রথ যাহার-চন্দ্র।
প্রকাশ্য—দর্শনীয়,প্রচারের উপযুক্ত,প্রকাশের যোগ্য।
মৃৎকাংস্য-মৃণ্ময় পাত্র বিং, শরা।
জিজ্ঞাস্য—প্রষ্টব্য, জিজ্ঞাসার যোগ্য।
ব্যাঘ্রাস্য--মার্জ্জার-যাহার ব্যাঘ্রের ন্যায় মুখ।
সূচ্যাস্য—মূষিক, ইন্দুর।
পঞ্চাস্য—শিব, সিংহ, কেশরী, মহাদেব।
ম্লেচ্ছাস্য-তাম্র, তাঁবা।
গজাস্য—গণেশ।
ঔদাস্য—বৈরাগ্য, অমনোযোগ, উপেক্ষা।
মন্দাস্য —ত্রপা, লজ্জা, কুৎসিত।
বীণাস্য —নারদ মুনি।

উপাস্য —পূজ্য, উপকার প্রত্যাশায় অনুবর্ত্তনীয়।
আভাষ্য—আলাপের যোগ্য, জিজ্ঞাস্য।
ক্ষামাস্য—কুপথ্য, অহিত জনক আহার।
ষণ্মাস্য —যাহা ছয় মাসে সম্পন্ন হয়।
গৌরাস্য-শ্বেত মুখ, কৃষ্ণ বানর।
নৈরাশ্য—আশা শূন্যতা, হতাশ হওয়া।
আলাস্য-কুম্ভীর, কুমীর।
স্থূলাস্য—যাহার মুখ বড়-সর্প।
আশাস্য--আশংসনীয়, প্রার্থনীয়, আশীর্ব্বাদ সাধ্য।
দোষাস্য--প্রদীপ, দীপ।
বিষাস্য —সর্প, চক্ষুঃশ্রবা, উরগ, খল, বিষধর।
বিশ্বাস্য —বিশ্বাস যোগ্য, বিশ্বসনীয়।
সুপার্শ্ব —পক্ষি বিং, বৃক্ষ বিং, পাকুড় গাছ।

আস—অন্ত। (৪) চতুরক্ষর।

ম্যাশটাশ্ —(ইং) গোঁপ, গোঁফ।
আশ্রয়াশ —বৈশ্বানর, অগ্নি চিতার গাছ, অগ্নি।
অনায়াস —অক্লেশ, অল্প পরিশ্রম, শীঘ্র,সহজ।
আশয়াশ —অগ্নি, অনল।
ক্ষয়কাস —যক্ষ্মা কাস।
প্রতিকাশ —[প্রতীকাশ, প্রতিকাস,প্রতীকাস] তুল্য।
অপ্রকাশ —অনুদয়, প্রকাশাভাব, গোপন, নির্জ্জন।
অবকাশ —অবসর, মধ্যস্থান, স্থান, অবস্থান।

অবিকাশ --অপ্রকাশ, অপ্রস্ফুটিত, মুদিত।
সবিকাশ --অশঙ্কুচিত, প্রসারিত, বিস্তারিত, বিকচ।
ভাজকাংশ--গুণনীয়ক।
পিটঙ্কাশ —পর্ব্বতোর্ম্মি মৎস্য।
কালগ্রাস —কালের গ্রাস-মৃত্যু।
রাহুগ্রাস —চন্দ্র-সূর্য্যের গ্রহণ।
নিরুচ্ছাস —নিশ্বাস রহিত, অপ্রশস্ত।
জলোচ্ছ্বাস--জলের স্ফীততা, জোয়ার।
সমুচ্ছ্বাস —নিশ্বাস প্রশ্বাস, স্ফীত, স্ফূর্ত্তি।
বিপর্য্যাস --ব্যতিক্রম, বিপর্য্যয়, বৈপরীত্য, ভ্রম, উল্টা।
পুরোডাশ--হুত শেষ, সোমরস, পিষ্টক চরুবী।
দ্বিজদাস --যাহারা ব্রাহ্মণের ভৃত্য-শূদ্র, অবর বর্ণ।
পর্য্যুদাস —নিষেধ, নিবারণ, পরাভব।
দণ্ডদাস --ভৃত্য বিং।
কৃতদাস --পঞ্চদশ দাসান্তর্গত দাস বিং।
ক্রীতদাস —কেনা গোলাম।
ভক্তদাস--[অন্নদাস] ভাতুড়ে, অন্ন দ্বারা ক্রীতদাস।
দিবোদাস—কাশীস্থ নৃপ বিং।
কালিদাস--স্বনাম খ্যাত মহাকবি।
শুকনাস —তারাপীড় রাজার মন্ত্রী, শ্যোণাক বৃক্ষ, শুকের ন্যায় নাসিকা বিশিষ্ট।
শোকনাশ—অশোক বৃক্ষ।

পবনাশ　—সর্প, বায়ু ভক্ষক।
সর্ব্বনাশ　—সমস্ত ক্ষয়, সকল ধ্বংস।
কুলনাশ　—বংশ ধ্বংস, বংশ লোপ, উষ্ট্র, উট।
স্থূলনাস　—শূকর, স্থূল নাসিকা বিশিষ্ট।
অঙ্গন্যাস　—পূজাপ্রারম্ভে মন্ত্র পূর্ব্বক ৬ অঙ্গে হস্ত দান
তত্ত্বন্যাস　—পূজাকালীন হস্তদ্বারা শরীরের অংশ স্পর্শ
পদন্যাস　—পদার্পণ, পা ফেলন।
উপন্যাস　—বাক্যোপক্রম, উল্লেখ, প্রস্তাব, কল্পিত গল্প।
অভিন্যাস　—সন্নিপাত জ্বর।
নাগপাশ　—বরুণের আয়ুধ, গ্রন্থি বিং, অস্ত্র বিং।
কচপাশ　—[কেশপাশ] চুলের গোছা, ভূষিত কেশ।
পাদপাশ　—অশ্বের পাদ বন্ধনরজ্জু, ক্ষুদ্রঘণ্টিকা, কিঙ্কিনী
আশপাশ　—(দেং) চতুর্দ্দিক, ইতস্ততঃ।
শতপ্রাস　—করবীর বৃক্ষ, করবী গাছ।
অনুপ্রাস　—তুল্য বর্ণ বিন্যাস, কাব্যের অলঙ্কার বিং।
শম্যাপ্রাস—বদরিকাশ্রমান্তর্গত বেদব্যাসের আশ্রম।
ধূকাবাস　—শেওড়া গাছ, শাকোট বৃক্ষ।
পঙ্কবাস　—কর্কট, কাঁকড়া।
সুখবাস　—তরমুজ, শীর্ণবৃন্ত।
যক্ষাবাস　—বট বৃক্ষ।
পটবাস　—শাটী, তাম্বু, পিটালী, গন্ধ চূর্ণ।
ভূতাবাস　—দেহ, বিষ্ণু, বহেড়া গাছ, ৫ ভূতের স্থান।

অতিবাস —শ্রাদ্ধের পূর্ব্ব দিন করণীয় উপবাস।
কৃত্তিবাস —শিব, রামায়ণানুবাদক, চর্ম্ম ব্যবসায়ী।
উদবাস —নদী বা পুষ্করণীর ধারে নির্ম্মিত বাটী।
বেদবাস —বিপ্র, ব্রাহ্মণ।
রুদ্রাবাস —কাশী, বারাণসী, কৈলাস, শ্মশান।
অধিবাস —নিবাস, প্রতিবেশী, সংস্কার বিং,স্থাপন।
ঘনবাস —কুষ্মাণ্ড, কুমড়া।
ঘ্রাণবাস —কুষ্মাণ্ড, ঘ্রাণাযুক্ত।
শ্রীনিবাস —লক্ষ্মীর বাসস্থান-বৈকুণ্ঠ, বিষ্ণু, নারায়ণ।
অনুবাস —স্নেহ, প্রীতি, সুরভিত করা।
রেণুবাস —মধুমক্ষিকা, ভ্রমর।
উপবাস —অগ্ন্যাধান, অনশন, অনাহার।
বিপ্রবাস —দেশান্তরে অবস্থিতি, বিদেশে বাস।
সর্পাবাস —গর্ত্ত, সর্পস্থান, চন্দন বৃক্ষ।
কারাবাস—কারাগারে বদ্ধ হইয়া থাকা, কারাগার।
বারিবাস —শৌণ্ডিক, শুঁড়ী।
এলবাস —[যাং] বস্ত্র, পোষাক।
সহবাস —একত্র অবস্থিতি, একসঙ্গে বাস।
রায়বাঁশ —[দেং] বংশ নির্ম্মিত দীর্ঘ লগুড় বিং।
বহির্ব্বাস —সন্ন্যাসীর আচ্ছাদন, কৌপিনাচ্ছাদন।
তর্কাভাস —অকিঞ্চিৎ কর যুক্তি, অসৎ তর্ক।
পক্ষাভাস—ছল, আপত্তি, মিথ্যা।

বৃত্তাভাস —বৃত্তের ন্যায় গোলাকার।
হেত্বাভাস—নিকৃষ্ট হেতু.দুষ্টহেতু,সৎপ্রতিপক্ষতা-ব্যভিচার-অসিদ্ধি-বিরুদ্ধতা-বাধ=৫ দোষ।
চিদাভাস —জ্ঞানের আভাস-বিকাশ, জ্ঞান,জীবাত্মা।
অবভাস —প্রকাশ, স্ফুরণ, ভান,সাক্ষাৎকার, আরোপ
ধর্ম্মাভাস —অপ্রশস্ত ধর্ম্ম।
বৃষভাস —অমরাবতী, ইন্দ্রপুরী, অলকা।
রসাভাস —রসতুল্য,অনুচিত বিষয়ের রসবর্ণন, নীচরস
বেদাভ্যাস—অধ্যয়ন-বিচার-জপ-অনুশীলন-অধ্যাপন=৫ বেদ শিক্ষা, বেদ অনুশীলন।
অনভ্যাস —অশিক্ষা, অব্যবহার, অনধ্যয়ন।
জ্ঞানাভ্যাস—তত্ত্বজ্ঞানের আলোচনা।
ব্রহ্মাভ্যাস—বেদপাঠ।
ক্ষয়মাস —[অধিমাস,মলমাস]অসংক্রান্ত মাস, মাসবৃদ্ধি
অগ্রমাস —[-মাংস]বুকের কলিজাগ্রের মাংস,রোগবিং
রাজমাষ —[সিতমাষ, মহামাষ] বরবটী কলাই।
চান্দ্রমাস —ত্রিংশৎ তিথিঘটিত মাস, চন্দ্র সম্বন্ধীয় মাস
পূর্ণমাস —[পৌর্ণমাস] পূর্ণিমাতে কর্ত্তব্যযাগ বিং।
পুষ্পমাস —বসন্তকাল।
দেবমাস —গর্ভের অষ্টম মাস, মনুষ্যদের ত্রিশ বৎসর
তক্রমাংস —ঘোল, দুগ্ধবিকার, দধি।
খড়্গমাংস—মহিষ মাংস, গণ্ডার মাংস।

অধিমাংস —চক্ষুর উপর আব।
মহামাংস —নরমাংস।
চতুর্ম্মাস —চাতুর্ম্মাসিক, চারি মাস।
প্রাতরাশ —প্রাতর্ভোজন, প্রাতঃকালীন ভোজন।
অচিরাংশ —ক্ষণপ্রভা, বিদ্যুৎ, সৌদামিনী, চপলা।
কর্পরাংশ —কর্পর খণ্ড, খাপরা, খোলা কুচি।
কাঁকলাস —[কৃকলাস] সরট, বড় জ্যেঠী।
কৃকলাশ —[কৃকলাস] সরীসৃপ বিং, কাঁকলাস।
যবলাস —যবক্ষার, যবশূক।
অভিলাষ —ইচ্ছা, স্পৃহা, অনুরাগ, সম্ভোগেচ্ছা, উদ্বেগ
পত্রোল্লাস —মুকুল, কলিকা, কুঁড়ি।
প্রত্যাশ্বাস—পুনর্জীবন, প্রত্যাশা, স্বাস্থ্য।
ঊর্দ্ধশ্বাস —উপর নিশ্বাস।
অবিশ্বাস —বিশ্বাসাভাব, অপ্রত্যয়।
মহেম্বাস —মহাধনুর্দ্ধর, উৎকৃষ্ট যোদ্ধা।
অট্টহাস —অতিশয় উচ্চ হাস্য।
অতিহাস —বিকৃত হাস্য, ভীষণ হাস্য।
ইতিহাস —পূর্ব্ব বৃত্তান্ত, প্রাচীন কথা-রামায়ণাদি গ্রন্থ
প্রতিহাস —[প্রতীহাস] করবী বৃক্ষ, বিদ্রূপ।
রাত্রিহাস —সুঁদি, শ্বেতোৎপল, নীলিবৃক্ষ, কাংস্য।
চন্দ্রহাস —রাবণের খড়্গ, খড়্গ, নৃপ বিং, রূপা।
অপহাস —অকারণ হাস্য, বৃথা হাস্য, পরিহাস্য।

উপহাস —পরিহাস, ঠাট্টা, বিদ্রূপ।
ভীমহাস —আকাশ বুড়ীর সুতা, ইন্দ্র তুল।
পরিহাস —[পরীহাস] কৌতুক, ব্যাঙ্গ, ঠাট্টা, উপহাস।
জলহাস —সমুদ্রের ফেনা, ফেন।
গ্রীষ্মহাস —ইন্দ্র তুলক, আকাশ বুড়ীর সুতা।
পৃষতাশ্ব —অনিল, বাতাস, বায়ু।
রোহিতাশ্ব—অগ্নি, হরিশ্চন্দ্র পুত্র।
যুবনাশ্ব —সূর্য্যবংশীয় নৃপ বিং-মান্ধাতার পিতা।
মকরাশ্ব —বরুণ।
রুচিরাশ্ব —নৃপ বিং, সুন্দর ঘোটক।
কপিলাশ্ব —ইন্দ্র, দেবরাজ।
অজিজ্ঞাস্য—জিজ্ঞাসার উপযুক্ত নহে।
সহস্রাস্য —বিষ্ণু, নারায়ণ।
মর্কটাস্য —তাম্র, তাঁবা, বানরের মুখ।
বিবৃতাস্য —যে মুখ ব্যাদন করিয়া থাকে-বিস্তৃত মুখ
যৌবনাস্য —যুবনাশ্ব রাজার তনয়, মান্ধাতা।
কুণ্ডপায্য —ক্রতু, যাগ, যজ্ঞ বিং।
পঞ্চমাস্য —যে পঞ্চম স্বরে গান করে-কোকিল।
চাতুর্ম্মাস্য—চারিমাস সম্পাদ্য ব্রত বিং।
কুঞ্জরাস্য —দক্ষিণ মহাসাগরস্থ মকর বিং।
কীকসাস্য —যাহার চঞ্চু অস্থিময় ও কঠিন-পক্ষী।
উপহাস্য —যাহাকে দেখিয়া উপহাস করা যায়।

পরিহাস্য --উপহাসাস্পদ, পরিহাস করণের যোগ্য।
হরিতাশ্ম —মরকত মণি, তুঁতিয়া।
রাত্রিবাসঃ--অন্ধকার, রাত্রি কালে পরিধেয় বস্ত্র।
নীলবাসঃ —শনিগ্রহ, নীল বস্ত্র বিশিষ্ট।

আস—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

অভ্রাবকাশ —বৃষ্টি পতন।
তন্ত্রনির্য্যাস —তাল বৃক্ষ, তাল গাছ।
কালনির্য্যাস—গুগ্গুল, সুগন্ধি দ্রব্য বিং।
শালনির্য্যাস—[সালনির্য্যাস] সর্জ্জরস, ধূনা।
জগদ্বিনাশ —প্রলয়, যুগান্ত, যুগাবশেষ, সংহারকাল।
বলবিন্যাস —ব্যূহরচনা, সৈন্যদিগকে শ্রেণীবদ্ধ করা।
কেশবিন্যাস--কবরী বন্ধন, কেশ রচনা।
লাটানুপ্রাস —শব্দালঙ্কার বিং, একার্থশব্দের পৌনরুক্তি।
পথিকাবাস —[পান্থনিবাস]পান্থগৃহ, পথিকের আড্ডা।
মর্কটবাস —মাকড়সার জাল, লূতাতন্তু।
অচ্যুতাবাস—অশ্বত্থ বৃক্ষ, দ্বারকাপুরী, বৈকুণ্ঠ।
কুমুদাবাস —কুমুদ বহুলদেশ।
জীবনাবাস —বরুণ, জলাধিপ।
ক্ষিপ্তনিবাস—পাগলা গারোদ।
শঙ্খিনীবাস --শাখোট বৃক্ষ, শেওড়া গাছ।
জগন্নিবাস —যে পৃথিবীতে জন্মগ্রহণ করিয়াছে, বিষ্ণু।
অরণ্যবাস —তপস্যাশ্রম।

শঙ্করাবাস —কৈলাস পর্ব্বত, কর্পূর বিং।

পল্বলাবাস —কূর্ম্ম, কচ্ছপ।

ত্রিদশাবাস—স্বর্গ, সুমেরু পর্ব্বত, অমরালয়।

উত্তরাভাস —দুষ্ট উত্তর, প্রকৃতার্থের সহিত যে উত্তরের সম্বন্ধ নাই, অসদুত্তর।

নিত্যসমাস—যাহা সমস্ত অবস্থায় প্রয়োগ হয়না।

বুকাগ্রসাংস—বক্ষঃস্থল, হৃদয়।

প্রত্যাভিলাষ-পুনরভিলাষ, পুনরাকাঙ্ক্ষা।

ক্ষণনিশ্বাস —শুশুক, শিশুমার।

যাদোনিবাসঃ-জল, বারি, অম্বু।

আস—অস্ত। (৬) ষড়ক্ষর।

পবনাশনাশ —গরুড়, ময়ূর, বেঁজী।

অক্ষরবিন্যাস —অক্ষর লেখা, লিখন, লিপি।

অর্থান্তর-ন্যাস —কাব্যের অলঙ্কার বিং।

বৈশ্রবণাবাস —বট বৃক্ষ, কুবের পুরী।

অনাথ-নিবাস —অনাথ বালকদিগের আশ্রয় স্থান।

আতুরনিবাস —চিকিৎসার্থী পীড়িত ব্যক্তিদের স্থান।

পাতালনিবাস —সর্প, দানব,দৈত্য,পাতালের অধিবাসী

অসংক্রান্তমাস —মলমাস, মলিম্লুচ।

ভামিনীবিলাস —কাব্য গ্রন্থ বিং।

পড়ুয়াবিশ্বাস —[দেং] শিক্ষক, পণ্ডিত।

শতপত্রনিবাস—ব্রহ্মা, প্রজাপতি।

ইস—অন্ত। (২) দ্ব্যক্ষর।

ইষ্ —[ধা]বাঞ্ছা-ইষ্টি.ইষ্টি,ইষ্টু,ইচ্ছা,ইচ্ছাধীন, অনিষ্ট

ইস্ —[দেং] আশ্চর্য্য বোধক, বিস্ময় বোধক।

ঈশ্ —স্বামী,ঈশ্বর [ধা] প্রভু-ঈশ,ঈশান দিক্,বাগীশ।

ঈষ্ —[ধা] দর্শন,হিংসা,গমন-প্রেষণ,প্রেষিত,প্রেষ্য।

ক্লিশ্ —[ধা] দুর্ব্বল হওয়া-ক্লেশ,ক্লিশানু,ক্লিষ্ট,ক্লিশাঙ্গী।

কৃষ্ —[ধা] কর্ষণ,টানা-কর্ষণ,আকর্ষ, আকর্ষণ, কৃষি।

ঘৃষ্ —[ধা] ঘষা-ঘর্ষণ, ঘৃষ্টি,ঘর্ষক,ঘৃষ্ট, ঘর্ষিত,ঘৃষ্য,ঘর্ষণী

জিষ্ —[ধা] জলসেক করা-জেষণ, জিষ্ণু।

ডিশ্ —[ইং] থালা, রেকাব।

ত্বিষ্ —কান্তি,বর্ণ,তেজঃ। [ধা] দীপ্তি-ত্বিষা,ত্বিষ, তিষি

তৃষ্ —পিপাসা,ইচ্ছা,লোভ,কামপুত্রী। (ধা) তৃষ্ণার্ত্ত।

দিশ্ —(ধা) দান,আজ্ঞাপন, কথন-আদেশ,উদ্দেশ,দিষ্ট

দৃশ্ —(ধা) দেখা-দর্শন,নিদর্শন.দৃষ্টি,দিদৃক্ষা,দৃষ্ট,দর্শিত

দ্বিষ্ —(ধা)শত্রুতাকরা-দ্বেষ,দ্বেষণ,বিদ্বেষ,বিদ্বেষক।

ধৃষ্ —(ধা) প্রাগল্ভ হ ক্রোধ-ধর্ষ,ধর্ষণ,আধর্ষণ,দুর্ধর্ষ।

নিশ্ —নিশা, রাত্রি।

নিস্ —নিষেধ, নিশ্চয়।

পিশ্ —(ধা) টুকরা-পেশি, পেশল, পিশুন।

পিষ্ —(ধা) চূর্ণন-পেষণ,পিষ্ট,পেষিত, পেষণীয়।

স্পৃশ্ —স্পর্শ,স্পর্শ কারী,ত্বক্ দ্বারা অনুভব করণ,স্পর্শক

ফিশ —(ইং) মৎস্য, মাছ।

বিশ্ —বৈশ্য,বণিক্ জাতি,মনুষ্য,কন্য। (ধা) প্রবেশ।
বিষ্ —(ধা) ব্যাপ্তি,বিয়োগ-বেষণ,বিষ্ণু,বিষ, বিষ্ঠা।
বিস্ —(ধা) গমন, ক্ষেপণ-বিস, বিস্র।
ভৃশ্ —(ধা) অধঃপতিত হ-ভৃষ্ট, ভৃশ।
মিষ্ —(ধা) সেচন-মিষ্ট,পরাভবেচ্ছা,স্পর্দ্ধা ক্র-মেষ।
মৃশ্ —(ধা) প্রণিধান-পরামর্শ, বিমর্শন, পরামর্শিত।
মৃষ্ —(ধা) ক্ষমা-মর্ষ, মর্ষণ, অমর্ষ, বিমর্ষ।
ঋষ্ —(ধা) গমন-ঋষি, ঋষ্ট, ঋষ্য।
রিষ্ —(ধা) হিংস ক্র-রেষণ, রেষিতা,রেষ্টা, রিষ্টি।
লিশ্ —(ধা) অল্পীভাব, অল্প হ-লেশ, একুলিশ।
ক্লিশ্ —(ধা) দুঃখিত হওয়া-ক্লেশ,ক্লেশন, ক্লিষ্টি, ক্লেশিত
শ্লিষ্ —(ধা) আলিঙ্গন-শ্লেষ, আশ্লেষ, সংশ্লিষ্ট।
শিষ্ —(ধা) অন্ত-হ,বধক্র-শেষ,বিশেষ, [দেং]অব্যক্তশব্দ
হিস্ —(ধা) হানি,বধ-হিংসা,হিংসিত, হিংসক, হিংস্রক
হৃষ্ —(ধা) তুষ্ট-হ,চিত্তোৎসাহ-হর্ষ, হর্ষণ,হৃষ্ট,হর্ষিত।
ইষ —আশ্বিনমাস, জিগীষুরা যখন যুদ্ধ যাত্রা করে।
ঈশ —শিব, স্বামী, নিয়ন্তা, প্রধান, সমর্থ, ঈশ্বর।
কীশ —নেংটা, নগ্ন, উলঙ্গ, বানর, সূর্য্য, পক্ষী।
কৃশ —ক্ষীণ, দুর্ব্বল, দরিদ্র, বিরল, শৃঙ্গীর সখা, লঘু।
শ্রীশ —লক্ষ্মী পতি-বিষ্ণু।
ত্বিষ —জিগীষা, ব্যবসায়,বাক্য,প্রভা, শোভা,তেজঃ।
ত্রিশ —[ত্রিংশ] সংখ্যা বিং, (৩০)

বিশ —মৃণাল, বৈশ্যজাতি, মনুষ্য, সংখ্যা বিং, (২০)
বিস —গরল, কালকূট, হলাহল, জল, পদ্মাদির মৃণাল।
বিস —পদ্মের ডাঁটা, মৃণাল।
বৃশ —মূষিক, পুষ্প বিং, ঔষধ, আদ্রর্ক, আদা।
বৃষ —ষাঁড়, ইন্দ্র, বলীবর্দ্দ, রাধা তনয়, কর্ণ, কন্দর্প, মল্ল, বলবান্ মনুষ্য, ময়ূর পিচ্ছ, দ্বিতীয় রাশি, পুরুষ বিং, মূষিক, বিষ্ণু, শক্র, শ্রেষ্ঠ, গৃহোপযুক্ত স্থান বিং, ঋষভৌষধ, (ধা) বর্ষণ, সেচন-বর্ষণ, বৃষ্টি
বিংশ —সংখ্যা বিং, (২০) কুড়ি।
ভৃশ —প্রচুর, অত্যর্থ, বার২, প্রধানরূপে, উৎকৃষ্টরূপে।
মিষ —কপটতা, ঈর্ষা, দর্শন, প্রতিযোগীতা, সেচন।
রিশ —(দেং) হিংসা, দ্বেষ, ঈর্ষা।
শিষ —[শীষ] (দেং] ধান্যাদির শীর্ষ, শিখা, মঞ্জরী।
সীস —সীসা ধাতু, সীসক।
নিঃস্ব —নির্ধন, দরিদ্র, অর্থ শূন্য।
বিশ্ব —গণদেবতা বিং, বসু, সত্য, ক্রতু, দক্ষ, কাল, ধৃতি, কুরু, পুরুরব, মদ্রভ, ব্রহ্মাণ্ড, জগৎ, শুণ্ঠী শুঁঠ, বণিক্ দ্রব্য, সমুদায়, সকল, সমস্ত, বোল, কাম
লিম্ব —নট, নর্ত্তক, নৃত্যব্যবসায়ী, নৃত্যকারী।
ইষ্য —বসন্ত কাল, বসন্ত ঋতু।
কৃষ্য —কর্ষণ যোগ্য, কৃষির উপযুক্ত।
তিষ্য —পুষ্যা নক্ষত্র, পৌষ মাস, কলি যুগ।

দিশ্য —দিগ্‌জাত, দিগ্‌ভব, দিক্‌ হইতে আনীত।
দৃশ্য --দর্শনীয়, সুরূপ, কোন নির্দ্দিষ্ট রাশি বা সংখ্যা।
স্পৃশ্য —স্পর্শ যোগ্য, স্পর্শনীয়।
বিষ্য —বিষ দ্বারা বধ্য।
বৃষ্য —শুক্র বৃদ্ধিকারক ঔষধাদি, বাজীকর।
ঋশ্য —[ঋষ্য] চিত্রিত বা শ্বেতপদ হরিণ, কুষ্ঠরোগ ভেদ
রিশ্য —[রিষ্য] মৃগ বিং, হরিণ, কুরঙ্গ, এণ।
শিষ্য —ছাত্র, পড়ুয়া, শাসন যোগ্য, শিক্ষণীয়।
হিংস্য —হিংসা যোগ্য, বধ্য।
ইষ্ম —কামদেব, মদন বসন্তকাল।
গ্রীষ্ম —উষ্ণ ঋতু, গরমি কাল, উষ্ম, উষ্ণ।
ভিষ্ম --দগ্ধ অন্ন, পোড়া ভাত।
ভীষ্ম --পাণ্ডু রাজার পিতামহের ভ্রাতা, শান্তনুর পুত্র-গাঙ্গেয়, শিব, রাক্ষস, রস বিং, ভয়ানক, ভয়ঙ্কর
দ্বিশঃ —দুই বার, দুই দুই, দুজন দুজন।
গৃৎস—কন্দর্পের নামান্তর।
ঈর্ষ --(ধা) ঈর্ষ, ঈর্ষালু।
শীর্ষ --শিরস্‌, মস্তক, মাথা, উত্তমাঙ্গ।

ইস--অন্ত। (৩) ত্র্যক্ষর।

সইস্‌ —[সহিস্‌] (বাং) অশ্বপাল।
অর্চ্চিস্‌ --জ্বালা, অগ্নি শিখা, তেজঃ, প্রভা।
র‍্যাডিশ্‌--(ইং) মূলা, মূল।

ছর্দ্দিস্ —বমি, উদ্‌গার, কফ।

মধিস্ —বৃষ, ষাঁড়, বলিবর্দ্দ।

ফিনিশ্ —(ই) শেষ করা, শেষ।

অপিস্ —হৃদয়, অগ্রমাংস।

কডফিশ্—[ইং] মৎস্য বিং, কড্ মাছ।

আবিস্—প্রকাশ, উদ্ভব, ব্যক্ত, প্রস্ফুটিত।

প্রাবৃষ্ —বর্ষা কাল।

ইংলিশ্—(ইং) ইংরেজ, বিলাতী।

আশিস্—আশীর্ব্বাদ, সর্পাদির বিষ দাঁত।

তেইশ —[দেং] সংখ্যা বিং, [২৩]

বাইশ —[দেং] সংখ্যা বিং, [২২], কুঠার বিং।

লক্ষ্মীশ —রমাপতি, বিষ্ণু, আম্রবৃক্ষ, সহকার, সৌভাগ্যবান্

যোগীশ—শিব, যাজ্ঞবল্ক্য মুনি, যোগীর প্রধান।

বাগীশ —বৃহস্পতি, ব্রহ্মা, বাক্‌পতি, উত্তম বক্তা।

ভোগীশ—সর্পরাজ, অনন্ত দেব, বাসুকি।

তুঙ্গীশ —শিব, চন্দ্র, সূর্য্য, কৃষ্ণ।

ভৃঙ্গীশ —[গিরিশ] শিব, মহাদেব।

পঁচিশ —সংখ্যা বিং, [২৫]

কোটিশ—[কোটীশ] লোষ্ট্র ভেদক অস্ত্র-মই, কোটিবার।

পট্টিশ—[পট্টিস] অস্ত্র বিং, কুঠার বিং।

উড্ডীশ—শিব, তন্ত্র শাস্ত্র বিং।

টিণ্ডিস —বৃক্ষ বিং।

সণ্ডিশ —সন্দংশ, সাঁড়াশি।

জ্যোতিষ-[জ্যোতিষ] জ্যোতির্ব্বিদ্যা, গণক, গণনা শাস্ত্র

চৌত্রিশ—সংখ্যা বিং, (৩৪)

ছত্রিশ —সংখ্যা বিং, (৩৬)

তেত্রিশ—সংখ্যা বিং, (৩৩)

বত্রিশ —সংখ্যা বিং, (৩২)

নিস্ত্রিংশ—ত্রিংশত অঙ্গুলির অধিক পরিমাণ, খড়্গ বিং,
নিষ্ঠুর, নির্দ্দয়, ত্রিংশৎ শূন্য।

বেদীশ —ব্রহ্মা, পিতামহ, কমলযোনি, স্রষ্টা।

ব্যাদিশ—বিষ্ণু, নারায়ণ।

বিদ্বিষ —শত্রু, বৈরি, অরি, প্রতিদ্বন্দ্বী, বিদ্বেষক।

অদ্রীশ —[গিরীশ] শিব, হিমালয় পর্ব্বত।

ঈদৃশ —এইরূপ, এতাদৃশ, এবম্ভূত, এই প্রকার।

কীদৃশ —কি প্রকার, কেমন।

যাদৃশ —যাহার ন্যায় দৃষ্ট হয়, যেমন, যেপ্রকার, যেরূপ

তাদৃশ —সেই রূপ, সেই প্রকার।

ত্বাদৃশ —তোমার সদৃশ, তোমার মত।

মাদৃশ —আমার মত, আমার তুল্য।

সদৃশ —অনুরূপ, সমান, উপযুক্ত, তুল্য।

নন্দীশ —মহাদেব, নন্দীকেশ্বর, নন্দী।

অধীশ —মহারাজ, চক্রবর্ত্তী, সম্রাট, প্রভু।

নিধীশ —কুবের, ধনেশ্বর।

অনিশ —নিরন্তর, সতত, সর্ব্বদা, অনবরত।
জিনিস —(জিনীস) [যা৹] দ্রব্য, পদার্থ।
তিনিশ—বৃক্ষ বিং।
দ্যুনিশ—অহোরাত্র, দিবানিশি।
শ্বনিশ —মত্ত কুক্কুর-নিশা।
উষ্ণীষ —যে তাপ নষ্ট করে-পাকড়ী, কিরীট বিং, চিহ্ন
কপিশ —কৃষ্ণ-পীতমিশ্রিত বর্ণ, মেটিয়া, সুগন্ধ দ্রব্য বিং
কাপিশ—মদ্য বিং, কারণ বারি।
সার্পিষ —ঘৃত সম্বন্ধীয়, ঘৃত দ্বারা সংস্কৃত।
অবিষ —সমুদ্র, রাজা, নদী, পৃথিবী, স্বর্গ, বিষ শূন্য।
তবিষ —(তবীষ) সমুদ্র, স্বর্গ, অগ্নি, স্বর্ণ।
তাবিষ —(তাবীষ) স্বর্গ, সমুদ্র, স্বর্ণ, সুরলোক।
পুংবৃষ —ছুঁচা, ষাঁড়।
চব্বিশ —সংখ্যা বিং, (২৪)
ছাব্বিশ--সংখ্যা বিং, [২৬]
দ্বাবিংশ—সংখ্যা বিং, [২২] বাইশ।
দৃগ্বিষ —সর্প বিং, যাহার দৃষ্টিতে বিষ আছে।
সুভৃশ —অতিশয়, বহু।
অমিষ —সততা, ভোগ বিলাস, অকাপট্য।
আমিষ —যাহা সর্ব্বত্র অভিব্যক্ত হয়, মাংস, ভোগ্যবস্তু, সুন্দরবস্তু, উৎকোচ, ঘুষ, অভিলাষ, ভোজন, লাভ
তিমিষ —গ্রাম্য কর্কটী, তরমুজ।

নিমিষ —পলক, অক্ষিস্পন্দন, কালের অতি সূক্ষ্ম পরিমাণ বিং, বিষ্ণু, নারায়ণ, পক্ষপাত।
নৈমিষ —নৈমিষারণ্য, ক্ষণিক, অল্পস্থায়ী।
অরিষ —অপান মাংসজ রোগ বিং,জলধারা সম্পাত।
করীষ —[কারীষ] শুষ্ক গোময়, শুক্না গোবর, ঘুঁটে।
তরীষ —স্বর্গ, ভেলা, সমুদ্র, ব্যবসায়।
তারীষ—স্বর্গ, দেবলোক, সমুদ্র, স্বর্ণ।
নিরীশ —নাস্তিক, অনীশ্বরবাদী, লাঙ্গলের ফাল।
পুরীষ —বিষ্ঠা, মল।
স্পরিশ —স্পর্শ, ছোঁয়া।
বরিষ —বর্ষ, সংবৎসর, বর্ষা, প্রাবৃট কাল।
বারিশ —জলশায়ী, বিষ্ণু।
বারীশ —সমুদ্র, রত্নাকর।
মারিষ —নাট্যোক্তিতে-মান্য বক্তি, তণ্ডুলীয় শাক।
শিরীষ —বৃক্ষ বিং, কোমল পুষ্প বিং।
সিরীস —(যাং) আটাবৎ দ্রব্য বিং।
কুড়িশ —মৎস্য বিং, কুড়াচি মাছ। (দেং) দুই হাজার
বড়িশ —মৎস্য বেধন যন্ত্র বিং--বড়শা, বড়শী।
ইলিশ —[ইল্লিশ, ইল্লীশ] মৎস্য বিং।
কুলিশ —(কুলীশ) ইন্দ্রের বজ্র, মৎস্য বিং, বৃক্ষ বিং।
তালিশ—পর্ব্বত,শৈল। নালিশ-[যাং]ফরিয়াদঅভিযোগ
বলিশ —যে টোপ গাঁথে, বড়শী।

বালিশ —শিশু, মূর্খ, অজ্ঞান, উপাধান।

বালীশ —মূত্রকৃচ্ছ্র রোগ, উপাধান।

চল্লিশ —সংখ্যা বিং, (৪০)

হল্লীষ —(হল্লীস) নাট্য-স্ত্রীদিগের মণ্ডলাকার নৃত্য।

কাশীশ—শিব, দিবোদাস, হীরাকস, সুপারি গাছ।

কাসীস—হীরাকস।

মহিষ —পশুবিং, লুলাপ, অসুর, ম্লেচ্ছজাতিবিং, শ্মশ্রুধারী

মাহিষ —মহিষ সম্বন্ধীয়, (দুগ্ধাদি)

রোহিষ—রুই মাছ, মৃগ বিং, তৃণ বিং।

নিঘৃষ —খুর, অশ্বতর, বরাহ, মার্গ, পথ, বায়ু।

রুচিষ্য —অভিপ্রেত, মিষ্ট, মধুর।

ভুজিষ্য—স্বাধীন ব্যক্তি, হস্ত সূত্র, দাস, রোগ বিং, স্বতন্ত্র

অদৃশ্য —যাহা দেখিবার যোগ্য নহে-অদর্শনীয়।

সাদৃশ্য —তুল্যতা, সাম্য, আলেখ্য।

সুদৃশ্য —দেখিতে সুশ্রী, সুন্দর, মনোজ্ঞ।

অধৃষ্য —অধর্ষণীয়-যাহাকে পরাভব করা যায় না।

অস্পৃশ্য—স্পর্শের অযোগ্য, অশুচি।

প্রাবৃষ্য—বৈদূর্য্য মনি, বর্ষাকালোৎপন্ন, বর্ষাকালীন।

ভবিষ্য —ভবিষ্যৎকাল, পুরাণ বিং।

হবিষ্য —ঘৃতান্ন, পক্ক নবনীত।

মাহিষ্য—বর্ণ সঙ্কর জাতি বিং।

কোটিশঃ-কোটি বার, কোটি কোটি পরিমাণ।

ভূরিশঃ—ভূরি ভূরি, বহুশঃ, অনেক বার।
তিলিৎস-গোখুরা সাপ, মতান্তরে-বোড়া সাপ।
চিকিৎস্য-প্রতিকার্য্য, চিকিৎসার উপযুক্ত।
গোশীর্ষ—গরুর মস্তক, চন্দন, হরিচন্দন।

ইস—অন্ত। (৪) চতুরক্ষর।

মধুদ্বিষ্ —(কংসকৃষ) বিষ্ণু, নারায়ণ।
ভবাদৃশ্ —আপনকার ন্যায় দৃষ্ট হয়, আপনকার মত।
ত্র্যহস্পৃশ্ —দিনত্রয়স্পর্শী তিথি।
ম্যাঙ্গোফিশ্-(ইং) তপস্বী মাছ।
আইরিশ্ —(ইং) আয়র্লণ্ড বাসী।
পাবলিশ্ —(ইং) প্রচার করণ, পুস্তক ছাপান।
মস্তকীশ —হস্তী, করী, গজ।
অম্বুকীশ —শিশুমার, শুশুক।
পরিকৃশ —সর্ব্বতোভাবে কৃশ, দুর্ব্বল, ক্ষীণকায়।
স্বারোচিষ—দ্বিতীয় মনু।
উন্নতীশ —গরুড় পক্ষী, বৈনতেয়।
পঁইত্রিশ —সংখ্যা বিং, [৩৫]
সাইত্রিশ —সংখ্যা বিং, (৩৭)
একত্রিশ —সংখ্যা বিং, (৩১)
আটত্রিশ —সংখ্যা বিং, (৩৮)
উনত্রিশ —সংখ্যা বিং, (২৯)
অব্যাপিষ —সূর্য্য, সমুদ্র, সাগর।

জগদীশ —জগৎ প্রভু-নারায়ণ, পরমেশ্বর।
প্রতিদিশ —প্রত্যেক দিক্, দিকে দিকে, সর্ব্বত্র, সর্ব্বতঃ
অপদিশ —অগ্ন্যাদি কোণ, বিদিক্, দুইদিকের মধ্যস্থল
চলদ্বিষ —কোকিল, পিক।
এতাদৃশ —এই রূপ, এই প্রকার।
ভবাদৃশ —আপনকার ন্যায়, আপনকার মত।
অসদৃশ —অতুল্য, বিষম, অনুচিত, অন্যার্থ।
বিসদৃশ —বিপরীত, বিরুদ্ধ।
দিবানিশ —অহোরাত্র, দিন ও রাত্রি ব্যাপিয়া।
কামিনীশ —সজিনা গাছ, পতি, স্বামী।
অহর্নিশ —অষ্ট প্রহর, দিবারাত্র।
দৃষ্টিবিষ —যাহার দৃষ্টি বিষাক্ত-সর্প বিং।
উপবিষ —কৃত্রিম বিষ,আকন্দের আঠা প্রভৃতি ৫দ্রব্য
নিবিবীস —ঘন, নিবিড়।
লূগবিষ —যে জন্তুর লাঙ্গুলে বিষ আছে-বৃশ্চিকাদি।
লোমবিষ—যে জন্তুরলোম বিষাক্ত-বিড়াল, ব্যাঘ্রপ্রভৃতি
ধারাবিষ —যে অস্ত্রের ধার বিষ সদৃশ-তীক্ষ্ণ খড়্গ।
লালাবিষ —লূতা, মাকড়সা প্রভৃতি।
আশীবিষ—সর্প, ভুজঙ্গ।
মহাবিষ —দ্বিমুখ সর্প, রাজকুমার সাপ।
দুষ্টবৃষ —কুঁড়ে বলদ, দুরন্ত ষাঁড়।
অনিমিষ —দেবতা,মৎস্য,সূক্ষ্মকালপরিমাণ, স্থিরদৃষ্টি।

কৃষ্ণামিষ —কৃষ্ণ বর্ণ লৌহ, চুম্বক লৌহ।
নিরামিষ —আমিষশূন্য, মৎস্যাদি রহিত, ব্রত বিং।
কিশমিশ —(যাং) মধুপক্ক আঙ্গুর ফল, দ্রাক্ষা ফল।
লোহামিষ—ছাগ মাংস।
সুপারীস —[ছোপারিষ] (যাং) অনুরোধ, উপরোধ।
গোপুরীষ —গোময়, গোবর।
অম্বরিষ —ভর্জ্জন পাত্র, ভাজনা খোলা।
অম্বরীষ —ভর্জ্জন পাত্র, বৃক্ষ, শিব, বিষ্ণু, সূর্য্য, বালক, নৃপ বিং, নরক বিং, অনুতাপ, আম্রাতকবৃক্ষ
নিবিড়ীষ —নিবিড়, সান্দ্র, বক্র নাসিক, অমসৃণ, উন্নতানত
চুয়ালিশ —[চৌয়াল্লিশ] সংখ্যা বিং, (৪৪)
বিয়াল্লিশ —সংখ্যা বিং, (৪২)
ছচল্লিশ —[ছেচল্লিশ] সংখ্যা বিং, (৪৬)
তেতাল্লিশ—সংখ্যা বিং, (৪৩)
অপদিশ্য —সর্ব্বত্র গমন, উপপাদনানন্তর।
বৈসাদৃশ্য —বিসদৃশতা, বৈষম্য।
সৌসাদৃশ্য—উত্তম সাদৃশ্য, মিল, অবিভিন্নতা।
অনাধৃষ্য —দুর্দ্দম্য, দুর্দ্দান্ত, অজেয়।
অপ্রধৃষ্য —অধৃষ্য, যাহাকে পরাভব করা যায়না, অগম্য
দুষ্প্রধৃষ্য —যাহাকে পরাভব করা যায় না, তীক্ষ্ণ।
যদ্ভবিষ্য —অবশ্যম্ভাবী, ভাগ্যাপেক্ষী।
শুক্রশিষ্য —দৈত্য, অসুর, দানব।

মহাভীষ্ম —শান্তনু রাজা।
হয়শীর্ষ —নৃসিংহ, বিষ্ণু, নারায়ণ।
কাকশীর্ষ —বক ফুলের গাছ।
মার্গশীর্ষ —অগ্রহায়ণ মাস।
বাতশীর্ষ —বস্তি, নাভির অধোদেশ, তলপেট।
প্রতিশীর্ষ —জামিন, বদল, প্রতিনিধি।
কপিশীর্ষ —প্রাকার মস্তক, প্রাচীরের অগ্র।
ক্রমশীর্ষ —কোটা বা প্রাচীরের উপরিভাগ, কুট্টিমভেদ

ইস—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

অধিজ্যোতিষ্—জগতস্থ জ্যোতির্ম্ময় অংশ সমূহ।
পুলোমদ্বিষ্ —ইন্দ্র, দেবরাজ।
অতলস্পৃশ্ —অগাধ, অতি গভীর।
হিলশা-ফিশ্ —(ইং) ইলিশ মাছ।
প্রাগ্জ্যোতিষ-রাজপুর, দেশ বিং, কামরূপ দেশ।
মণ্ডলাধীশ —মণ্ডলেশ্বর, ৪০০শতযোজনের অধিপতি।
রাজতিমিষ —কাঁকুড়, ফুটী, শশা।
অর্দ্ধনারীশ —মহাদেব, যাহা অর্দ্ধেক পুরুষ-অর্দ্ধেক স্ত্রী
অল্পমারিশ —ক্ষুদ্র নটে শাক।
একচল্লিশ —সংখ্যা বিং, (৪১)
আটচল্লিশ —সংখ্যা বিং, (৪৮)
সাতচল্লিশ —সংখ্যা বিং, (৪৭)
পঁয়তাল্লিশ —সংখ্যা বিং, (৪৫)

ধাতুকাশীশ —কাশীষ, নয়নৌষধ।
পুষ্পকাসীশ —এক প্রকার হিরাকস।
মর্কটশীর্ষ —হিঙ্গুল।
তৎপ্রতিশীর্ষ—তাহার স্থলে নিযুক্ত, তৎপ্রতিনিধি।

ইস—অন্ত। (৬) ষড়ক্ষর।

অচিররোচিস্—ক্ষণপ্রভা, সৌদামিনী, বিদ্যুৎ,চপলা।
মহাপঞ্চবিষ —বৃহৎ বিষ পঞ্চক,যথা—শৃঙ্গী-কালকূট-মুস্তক-বৎসনাভ-শঙ্খপর্ণী=৫ মহাবিষ।
কালান্তরবিষ —যাহাদের বিষ বহুকাল স্থায়ী।

উস—অন্ত। (২) দ্ব্যক্ষর।

উষ্ —(ধা) দাহ-উষ্ণ, উষ্ট, উষিত, উষ্ট্র,উষ্ণীষ,প্রত্যুষ
কুশ্ —(ধা) আলিঙ্গন-কুশল, কুশ, কুক্ষি, কুশাসন।
ক্রুশ্ —(ধা) রোদন-আক্রোশ, আক্রোশক, ক্রোশ।
ঘুষ্ —(ধা) উচ্চৈঃস্বরে বলা-ঘোষ,নির্ঘোষ,ঘোষক।
চুষ্ —(ধা) পান ক্র-চূষণ, চূষিত, চূষ্য। (দেং) চেষ্টা।
জুষ্ —(ধা) ইষ্ট,সেবা-জোষিতা, জোষিত,জোষ,জুষিত
যুষ্ —(ধা) ভজনা-যোষা, যোষিৎ, যুষ্মদ (ইং) রস।
তুষ্ —(ধা) তুষ্টি-তোষণ,তোষ,সন্তোষ, তুষ্টি,তুষার।
দুষ্ —(ধা) অশুদ্ধি ভাব-দোষ,দোষণ, দোষক,দুষ্ট।
দূষ্ —(ধা) অশুদ্ধি, নিন্দা-দূষণ, বিদূষণ, দূষিত,দূষণীয়
ধূষ্ —[ধূস্] (ধা) ভূষিত ক্র-ধূষণ, ধূসিত, ধূসর।
পুষ —(ধা)পোষণ-পোষণ,অন্নপুষ্ট। (দেং)বিড়ালডাকন

পুংস্ —(ধা) মর্দ্দন, পুমান্, পুংশ্চলী, পুংলিঙ্গ।
ফুস্ —(দেং) অব্যক্ত শব্দ, তাচ্ছিল্য, ভস্ম।
ক্রুস্ —(ধা) বধ ক্র-ক্রাসিত, ক্রাসন।
ভূষ্ —(ধা) অলঙ্কৃত করা-ভূষ, ভূষা, ভূষণ, ভূষিত, ভূষণীয়
মুষ্ —(ধা) বধ-মোষ, মুষ্ট, মুষিত।
মূষ্ —(ধা) লুণ্ঠন, চৌর্য্য-মূষ, মূষক।
রুষ্ —রোষ, ক্রোধ, রাগ। (ধা) ক্রোধ-রোষণ, রোষ।
লুষ্ —(ধা) চুরি-ক্র-লুষিত, লোষণ, লোষ।
প্লুষ্ —(ধা) দগ্ধ-ক্র, দাহ-প্লুষ, প্লোষ, প্লুষ্ট, প্লুক্ষি-প্লক্ষ
শুষ্ —(ধা) রস রহিত করা, শুষ্ক হ-শোষ, শোষণ।
কুৎস্ —(ধা) নিন্দা-কুৎসা, কুৎসিত, কুৎসক।
উষ —গুগ্গুল, কামী, প্রভাত, পাংশুজ লবণ।
ঊষ —ক্ষারমৃত্তিকা, লবণাক্ত ভূমি, প্রত্যূষ, গর্ত্ত, চন্দনাদি
কুশ —রামের জ্যেষ্ঠ পুত্র, প্রসিদ্ধ তৃণ, দ্বীপ বিং, যোদ্দড়ি, জল, কৃশ, মত্ত, পাপিষ্ঠ।
ঘুষ —(দেং) উৎকোচ। (যাং) রিস্পাত।
জুষ —সেবক, সহায়, প্রণয়ী। (যাং) রোক, আগ্রহ।
জূষ —ক্কাথ, ঝোল, রস। (ইং) ঝোল।
যূষ —মুদ্গাদির ক্কাথ, ঝোল, তুঁত গাছ, ব্রহ্মদারু।
তুষ —[তুস] ধান্যাদির ত্বক্, তুঁষ।
পূষ —ব্রহ্মদারু বৃক্ষ, তুঁত গাছ।
বুষ —[বুস] কুঁড়া, ভুষি, আগড়া, ঘুঁটে।

মূষ —স্বর্ণাদি গলাইবার মুচী, ইন্দুর, তস্কর, লুণ্ঠনকারী
শুষ —শোষণ, নীরস রুক্ষ, ছিদ্র, গর্ত্ত, বিল।
জুষ্য —সেব্য, উপাস্য।
দূষ্য —দূষণীয়, নিন্দনীয়, ত্যাজ্য, পটমণ্ডপ, বস্ত্র গৃহ।
পুষ্য —নক্ষত্র বিং, তিষ্য, পুষ্যা, পৌষমাস, কলিযুগ।
উষ্ম —গ্রীষ্মকাল, তীব্রতা, শ-ষ-স-হ বর্ণ।
শুষ্ম —সূর্য্য, অগ্নি, বায়ু, পক্ষী, তেজঃ, শৌর্য্য, বল, দীপ্তি
উষঃ —উষা, প্রত্যূষ, রাত্রি শেষ।
উৎস —প্রস্রবণ, পর্ব্বতের ঝরণা, ফোয়ারা।
গুৎস —স্তম্ভ, স্তবক, হার, গুচ্ছ, গ্রন্থিপর্ণ বৃক্ষ।

উস—অন্ত। (৩) ত্র্যক্ষর।

আয়ুস্ —জীবন, জীবিতকাল, পরমায়ু, চন্দ্রবংশীয় নৃপ বিং
সজুষ্ —প্রীতিযুক্ত, একত্র সেবাকারী, সঙ্গী, সহ।
সজুস্ —[সজুস্] সহিত। (দেং) ঝোল যুক্ত।
ধনুস্ —কার্ম্মুক, ধনুক, রাশি বিং, ১ কাঠা, পিয়ালগাছ
বিপ্রুস্ —[বিপ্লুষ্] দ্রব বস্তুর বিন্দু, জলাদির কণা।
পুপ্ফুস্ —[ফুপ্পুস, ফুস্ফুস্] ফুল্কা বা কাপাসে, কোষ্ঠবিং
অরুস্ —ক্ষত, ঘা, মর্ম্মস্থান।
পরুস্ —গ্রন্থি, পর্ব্ব।
আউশ —(দেং) ধান্য বিং-যাহা ভাদ্র মাসে পক্ক হয়।
ধাউস —[ঢাউস] (দেং) বৃহদ্ঘুড়ি বিং।
বায়ুষ —মৎস্য বিং, কালবাউষ, পোনা।

ঞকুশ —সংখ্যা বিং, (২১)

ভ্রুকুংশ —[ভ্রকুংস, ভূকুংশ, ভূকুংস, ভ্রুকুংশ, ভ্রুকুংস, ভ্রূকুংশ, ভ্রূকুংস] স্ত্রীবেশধারী নট।

অঙ্কুশ —(অঙ্কুষ) হস্তি তাড়ন দণ্ড, ডাঙ্গস।

চাক্ষুষ —প্রত্যক্ষ, চক্ষুর গোচর, ষষ্ঠ মনু।

অঙ্গূষ —নকুল, বেজী, শর, তীর।

লুঙ্গুষ —ছোলঙ্গ, টাবা লেবু।

যাজুষ —যজুর্ব্বেদ সম্বন্ধীয়।

পীযূষ —অমৃত, সুধা, নূতন গোদুগ্ধ।

পেযূষ —নবপ্রসূতাগাভীর দুগ্ধ, পীযূষ, অমৃত, অভিনবঘৃত.

পিঞ্জূষ —কর্ণ মল, কাণের খোল।

পৈঞ্জূষ —কর্ণ, শ্রোত্র।

গণ্ডূষ —এক কোষ, এককোষা জল, গোকর্ণাকৃতি হস্তে যত জল ধরে, হস্ততল, হস্তিশুণ্ডাগ্রভাগ।

জাতুষ —লাক্ষা নির্ম্মিত, জতু বিকার।

উত্তুষ —ভৃষ্ট ধান্য, লাজ, খই।

প্রত্যুষ —(প্রত্যূষ) বসুভেদ, বসু বিং, সূর্য্য, প্রভাত।

নিস্তুষ —তুঁষ রহিত, ছাঁটা, কাঁড়া।

নিতুষ —মৎস্য বিং।

মানুষ —[মনুষ্য] মানব, মনুর অপত্য।

হনুষ —রাক্ষস, নিশাচর।

জাপুষ —রঙ্গ, রাং।

ত্রপুষ —কর্কটী বৃক্ষ, টিন্।
ত্রপুস —সীসক, সীসা, টিন্, রাঙ্, দস্তা।
ত্রাপুষ —রঙ্গ অথবা টিন্ নির্ম্মিত পাত্রাদি।
অভ্যূষ —(অভ্যূষ) রুটি, পিষ্টকাদি।
অরুশ —মসৃণ, তেলা।
অরুষ —এক প্রকার সর্প, সূর্য্য।
পরুষ —কর্কশতা, কাঠিন্য, নানা বর্ণ, নিষ্ঠুর, শক্ত।
পুরুষ —(পূরুষ) যে পালন করে,মনুষ্য,নর, পুংজাতীয় জীবন, ঈশ্বর, বিষ্ণু, ঘোটকের অবস্থান বিং, পরিমাণ, বন্ধু, মেরু পর্ব্বত, দুর্গা, জীবাত্মা।
পৌরুষ—পুরুষত্ব, পরাক্রম, তেজঃ, পুরুষ পরিমাণ।
মৌরুস—[মৌরস] (যাং) পূর্ব্ব পুরুষ, পৈতৃক।
কলুষ —মহিষ, পাপ, পাপী, মলিন, আবিল, ঘোলা, ক্ষুব্ধ, অসমর্থ, গর্হিত, দুঃখিত।
শৈলূষ —নর্ত্তক, নট, ভিন্ন জাতি, ধূর্ত্ত, বিল্ব বৃক্ষ।
নহুস —চন্দ্র বংশীয় নৃপতি বিং, সর্প বিং।
আয়ুষ্য —পথ্য, আয়ুঃ জনক।
অকুষ্য —কুৎসিতা ভূমি।
চক্ষুষ্য —চক্ষুর তৃপ্তি কর, পুষ্প বিং, বৃক্ষ বিং।
বৈচক্ষুষ্য —পাণ্ডিত্য, বিচক্ষণতা।
বার্দ্ধুষ্য —সুদে টাকা ধার দেওয়া, ধান্য বর্দ্ধন।
ধানুষ্য —বংশ, বাঁশ।

মানুষ্য —মনুষ্য ভাব,মনুষ্যত্ব,মানুষের ধর্ম্ম,মনুষ্য দেহ।
কারুষ্য—নেত্র মল, পিঁচুটী, করুষদেশবাসী।
পারুষ্য—অপ্রিয়ভাষণ,পরনিন্দা,তিরস্কার, ইন্দ্রের উপবন,অগুরুচন্দন,বৃহস্পতির নামান্তর,কঠোরতা
প্রত্যুষঃ—(প্রত্যূষঃ) বসু বিং, সূর্য্য, প্রাতঃকাল।
বহুশঃ —বিবিধ, বাহুল্য রূপে, অনেক প্রকার।

উস—অন্ত। (৪) চতুরক্ষর।

আচক্ষুস্ —পণ্ডিত, বিদ্বান, জ্ঞানী।
পূর্ব্বেদ্যুস্—পূর্ব্বদিনে,প্রাতঃকাল,ধর্ম্ম বাসর, গত কল্য
ধৃতিমুষ্ —ধৈর্য্য চ্যুতি কারক, চিত্ত বেধক।
উপকুশ —দন্তরোগ বিং, দন্তের মাড়ি ফোলা।
কামাঙ্কুশ —নখ, পুংচিহ্ন, মেঢ্র।
নিরঙ্কুশ —অনিবার্য্য, স্বেচ্ছাচারী, স্বতন্ত্র,স্বাধীন।
স্মরাঙ্কুশ —নখর, নখ, নায়ক, লম্পট।
অবিদূষ —মেষ দুগ্ধ।
অমানুষ—অলৌকিক, মন্দ লোক,পশ্বাদি তুল্য,অপদার্থ
গ্রহপূষ —সূর্য্য, ভানু, দিবাকর।
অলম্বুষ —রাক্ষস বিং,অঙ্গুলি যুক্ত প্রসস্ত হস্ত, বমন।
বাতরূস—বাতুল, উৎকোচ, ঘুষ, শক্রধনু।
কাপুরুষ —ভীরু, কুৎসিত পুরুষ, অসার ব্যক্তি।
অপৌরুষ-কাপুরুষত্ব, পৌরুষাভাব, অসাহস।
তৎপুরুষ—সমাস বিং, শিব মূর্ত্তি বিং।

কিম্পুরুষ —[কিম্পুরুষ] কিন্নর, যক্ষ, হিমালয় ও হেমকূটের অন্তর্ব্বর্ত্তী বর্ষ বিং, কুৎসিত পুরুষ।
অমনুষ্য —যাহার মনুষ্যত্ব কিছুই নাই-কাপুরুষ।
ধিক্‌পারুষ্য—দুর্ব্বাক্য, পরুষ বচন।
বাক্‌পারুষ্য—অপ্রিয় বাক্যের উচ্চারণ, তিরস্কার।

উস—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

পুরুষায়ুষ —মনুষ্যের জীবিত কাল, শতবর্ষ।
মদনাঙ্কুশ —লিঙ্গ, নখর, মেঢ্র, পুংচিহ্ন।
ত্রিদশাঙ্কুশ —বজ্র, অশনি।
অতিমানুষ —অলৌকিক, লোকাতীত, স্বর্গীয়।
বনমানুষ —বানর জাতীয় পশু বিং, মানুষ বিং।
ছায়াপুরুষ —আকাশস্থ ছায়াত্মক পুরুষ।
যজ্ঞপুরুষ —[ক্রতুপুরুষ, আদিপুরুষ] নারায়ণ, বিষ্ণু।
বীজপুরুষ —আদি পুরুষ, বংশের প্রধান ব্যক্তি।
রাজপুরুষ —রাজার কর্ম্মচারী, শান্তি রক্ষক।
প্রতিপুরুষ —প্রতিনিধি, নিয়োগী।
পিতৃপুরুষ —[পূর্ব্বপুরুষ] পিতা-পিতামহাদি।
পাপপুরুষ —মূর্ত্তিমান পাপ, পাপের অবতার স্বরূপ।
পরপুরুষ —[শ্রেষ্ঠপুরুষ] বিষ্ণু, স্বতন্ত্র ব্যক্তি, অন্য পুরুষ
গূঢ়পুরুষ —গুপ্তচর, চর।
তুলাপুরুষ —মহাদান বিং
শলাপুরুষ —৬৩জৈনমুনি-২৪জৈন-১২ চক্রবর্ত্তী-৯বসু-

দেব-৯ বলদেব-৯ প্রতিবসুদেব=১২৬ জন

মহাপুরুষ —সাধু পুরুষ, নারায়ণ, মহাযোগী।

কৃতপৌরুষ—যে পুরুষত্ব প্রকাশ করিয়াছে।

সাপ্তপৌরুষ—সপ্ত পুরুষ ব্যাপক।

উস—অন্ত। (৬) ষড়ক্ষর।

অদৃষ্টপুরুষ —মধ্যস্থ বিনা উভয় দলের সন্ধি।

পুরাণপুরুষ —বিষ্ণু, আদি পুরুষ।

পরমপুরুষ —পরমেশ্বর, পরম ব্রহ্ম, পরমাত্মা।

প্রচুরপুরুষ —অনেক ব্যক্তি, তস্কর, চোর।

দণ্ডপারুষ্য —কঠিন দণ্ড, বিবাদ বিং।

এস—অন্ত। (২) দ্ব্যক্ষর।

নেষ্ —(ধা) গমন-নেষণ, নেষিত।

পেশ্ —(যাং) সমীপস্থ করণ, উপস্থিত।

প্রেষ্ —(ধা) বমন করা।

ভ্রেষ্ —চলন, গমন, যথোচিত স্থান হইতে ভ্রংশ।

ফ্লেশ্ —(ইং) মাংস, মাস।

হেষ্ —(ধা) অশ্বশব্দ-হেষা, হেষিত।

হ্রেষ্ —(ধা) অশ্বধ্বনি-হ্রেষা, হ্লেষা।

এস —এই, পুরোবর্ত্তী।

কেশ —দৈত্য বিং, বরুণ, বিষ্ণু, চুল, চিকুর।

খেশ —(দেং) শীত বস্ত্র বিং, কম্বল।

ঠেস —(দেং) আশ্রয়, অবলম্বন।

দেশ —পৃথিবীর অংশ বিং,রাজ্য,অংশ, নিম্ন-পৃষ্ঠদেশ।

দ্বেষ —শত্রুতা, বৈর, ক্রোধ, বিরাগ, হিংসা, ঈর্ষা।

প্রেষ —ক্লেশ, পীড়া,দুঃখ,প্রেরণ,পাঠান। (ইং) মুদ্রাযন্ত্র

বেশ —[বেষ] সজ্জা, বস্ত্র অলঙ্কারাদি পরিধান, বেশ্যা পল্লী, গৃহ, প্রবেশ। (দেং) উত্তর, সুন্দর।

মেষ —মেড়া, ভেড়া, রাশি বিং, ঔষধ বিং, লগ্ন বিং।

লেশ —কণা, বিন্দু, শ্লেষ। লেচ্—(ইং) কম।

ক্লেশ —কষ্ট, দুঃখ, যন্ত্রণা, পীড়া, শ্রম, রাগ, দ্বেষ।

শ্লেষ —আশ্লেষ, যোগ, দাহ, শব্দালঙ্কার বিং, ঠাট্টা।

শেষ —সর্পরাজ, বাসুকি, বলরাম,বিনাশ, অন্ত,অবশেষ, অনুগ্রহ,প্রসাদ, অবশিষ্ট,পরিত্যক্ত,উচ্ছিষ্ট।

কেশ্য —ভৃঙ্গরাজ বৃক্ষ, কেশুরিয়া গাছ।

দেশ্য —পূর্ব্ব পক্ষ, দেশীয়।

দ্বেষ্য —দ্বেষের পাত্র বা বিষয়-দ্বেষণার্হ।

প্রেষ্য—ভৃত্য, দাস, দূত, প্রেরণীয়।

বেশ্য —বেশ্যালয়।

বেষ্য —পানীয় জল, কমল, অম্বু, নার।

বেশ্ম —আলয়, আবাস, গৃহ, ভবন, বাটী।

এগ—অন্ত। (৩) ত্র্যক্ষর।

গবেষ্ —(ধা) অন্বেষণ, গবেষণা, গবেষিত।

অকেশ —কেশ বিহীন, কুৎসিত কেশ বিশিষ্ট।

ভূকেশ —শৈবাল, বট গাছ।

লোকেশ—ব্রহ্মা, রাজা, বুদ্ধ বিং, প্রজাপতি।
লঙ্কেশ —রাবণ, দশানন।
ঋক্ষেশ —চন্দ্র, জাম্বুবান্, তারাপতি।
যোগেশ —বিষ্ণু, মহাদেব, যাজ্ঞবল্ক্য মুনি, যোগেশ্বর।
দুর্গেশ —দুর্গ রক্ষক, গড় রক্ষক।
প্রজেশ —রাজা, নৃপতি।
ভূতেশ —শিব, মহাদেব, ভূতনাথ।
শতেশ —শতগ্রামাধিপতি, রাজা।
বিত্তেশ —[ধনেশ] যক্ষ, ধনী, প্রভু, কুবের।
অদেশ —অস্থান, স্পর্শ করিবার অযোগ্য স্থান।
আদেশ —নিয়োগ, আজ্ঞা, কথন, জ্যোতিষ শাস্ত্র ফল।
নিদেশ। —আজ্ঞা, অনুমতি, উক্তি, কথন, নিকটে।
প্রদেশ —দেয়াল, স্থান, জেলা, পরিমাণ বিং, পদ, দেশ
প্রাদেশ —বিতস্তি, বিঘত, দান, অর্পণ।
বিদেশ —দেশান্তর, ভিন্ন দেশ।
সদেশ —এক দেশীয়, সমীপস্থ।
উদ্দেশ —লক্ষ্য, অনুসন্ধান, অভিপ্রায়, প্রদেশ।
বিদ্বেষ —শত্রুতা, বৈর, দ্বেষ, ঈর্ষ্যা, বিরোধ।
সন্দেশ —আদেশ, বার্ত্তা, খবর, মিষ্টান্ন বিং।
নির্দ্দেশ —আদেশ, বর্ণন, উল্লেখ, প্রদর্শন, নাম, নির্দ্ধারণ নিরূপণ, উপান্ত।
গণেশ —(বিঘ্নেশ) শিব পুত্র, গণেশ, গজানন।

প্রাণেশ —পতি, স্বামী, ভর্ত্তা।

নিষ্পেষ —ঘর্ষণ, মর্দ্দন, চূর্ণন, নিপীড়ন।

আবেশ —অধিষ্ঠান, প্রবেশ, গর্ব্ব, মনোযোগ, সঞ্চার, মৃগী রোগ, আসক্তি, অভিনিবেশ।

দেবেশ —শিব, মহাদেব।

নিবেশ —শিবির, সৈন্য বিন্যাস, বিবাহ, প্রবেশ, যুদ্ধ, স্থান, অর্পণ, উপবেশন, মনোযোগ।

প্রবেশ —ভিতরে যাওয়া, অন্তর্নিবেশ, অন্তর্গমন।

সবেশ —[সবেষ] সবিধ, নিকট, ভূষিত, অলঙ্কৃত।

সুবেশ —[সুবেষ] উত্তম সজ্জা।

সংবেশ —নিদ্রা, শয়ন, স্বপ্ন, পীঠ, আসন, উপবেশন।

সম্বেশ —নিদ্রা, স্বপ্ন।

নির্ব্বেশ —ভোগ, বিবাহ, মূর্চ্ছা, বেতন।

সর্ব্বেশ —শিব, সম্রাট, সকলের প্রভু, সার্ব্বভৌম।

অভ্রেষ —ন্যায়, উচিত।

নিমেষ —পলক, অক্ষিস্পন্দন, কালের সুক্ষ্মপরিমাণ, বিষ্ণু

রমেশ —লক্ষ্মী পতি-বিষ্ণু।

উন্মেষ —প্রকাশ, উন্মিলন, চক্ষুমেলা।

ইরেশ —বিষ্ণু, রাজা, বরুণ, ব্রহ্মা, বাগীশ।

নরেশ —নরপতি, রাজা।

অক্লেশ —ক্লেশ রহিত, অনায়াস।

অশ্লেষ —অপ্রণয়, বিসম্বাদ, অপরিহাস।

আশ্লেষ —আলিঙ্গন, পরারম্ভ, মিলন, একদেশ সম্বন্ধ।
বিশ্লেষ —অসংযোগ, বিভিন্ন হওয়া, শৈথিল্য, বিকাশ, বিয়োগ, বিরহ, বিধুর, কাতর।
সংশ্লেষ —মিলন, সংযোগ, আলিঙ্গন।
অশেষ —শেষ হীন, সম্পূর্ণ, সমুদায়, শেষ ভাব।
উষেশ —কামদেব পুত্র-অনিরুদ্ধ।
নিঃশেষ —শেষ রহিত, সম্পূর্ণ।
বিশেষ —বৈলক্ষণ্য, প্রভেদ, প্রকার, নিয়ম, বৈচিত্র সার, অবয়ব,দ্রব্য,তিলক,পদার্থ বিং, কাব্যালঙ্কার বিং, অধিক, উত্তম, ভিন্ন।
বিশ্বেশ —(মহেশ) শিব, বিশ্বনাথ।
খাহেস —(যাং) ইচ্ছা, বাসনা।
উদ্দেশ্য —লক্ষ্য, অভিপ্রেত, প্রয়োজনীয়।
নির্দ্দেশ্য —নির্দ্দেশনীয়, নিরূপিত, নির্ণীত।
সুরেষ্য —ইন্দ্র, দেবরাজ, সচীপতি।
প্রবেশ্য —প্রবেশ করণোপযুক্ত, প্রবেশনীয়।
বিশেষ্য —ধর্ম্মী, বস্তু বা ব্যক্তি বোধক, সংজ্ঞাপদ।

এস—অন্ত। (৪) চতুরক্ষর

ওয়াপেস —[ওয়াপছ] (যাং) ফিরিয়া দেওয়া।
হৃদয়েশ —প্রাণেশ্বর, বল্লভ, কান্ত।
দীর্ঘকেশ —যাহার চুল লম্বা, ভল্লুক, ঋক্ষ।
শ্বেতকেশ —রক্ত শিগ্রু, রাঙ্গা সজিনা।

উপকেশ —পরচুল।

ব্যোমকেশ---শিব, মহাদেব।

দ্বারকেশ —শ্রীকৃষ্ণ, নারায়ণ, দ্বারকাপতি।

হরিকেশ —শিব, শিব ভক্ত যক্ষ বিং।

গুড়াকেশ ---মহাদেব, শিব, অর্জ্জুন, শূলী।

জলকেশ —শৈবাল, শেওলা।

ত্রিলোকেশ--বিষ্ণু, সূর্য্য, ত্রিলোকের অধিপতি।

হৃষীকেশ —বিষ্ণু, নারায়ণ, পরমাত্মরূপ।

বিদ্যুৎকেশ--রাক্ষাস বিং।

শোচিষ্কেশ—অনল, অগ্নি, জাত বেদা, চিতা গাছ।

জীবিতেশ —প্রাণেশ্বর, সূর্য্য, চন্দ্র, যম।

নক্ষত্রেশ —চন্দ্র, নক্ষত্রাধিপ, কর্পূর।

একদেশ ---অবয়ব, একাংশ।

ম্লেচ্ছদেশ —যবনাদি নীচ দিগের বসতি স্থান।

গণ্ডদেশ —গণ্ডস্থল, কপোল।

ব্রতাদেশ —সংস্কার বিং, উপনয়ন।

অতিদেশ —অন্য ধর্ম্মের অন্যত্র আরোপণ।

প্রতিদেশ —আদেশ, আজ্ঞা, সকল দিক্‌, প্রত্যেকদিক্‌

প্রত্যাদেশ—পরামর্শ, প্রতিবন্ধ, দৈববাণী, উপদেশ, খণ্ডন, প্রত্যাখ্যান, নিরাকরণ, পরিত্যাগ।

পাদদেশ —অধঃপ্রদেশ, তলা।

মধ্যদেশ —দেশ বিং, মাঝ, অভ্যন্তর।

স্কন্ধদেশ —কন্ধরা, কাঁধ, হস্তিস্কন্ধ।
অপদেশ —শঠতা, লক্ষ্য, স্থান, দিক্, কারণ, সুখ্যাতি, ব্যবহার, নাম, নির্দ্দেশ, ছদ্ম বেশ ধারণ।
উপদেশ —মন্ত্র, কথন, শিক্ষা দান, পরামর্শ দান, প্রবর্ত্তক বাক্য, মন্ত্রদান, নাম, অনুশাসন।
ব্যপদেশ —ছল, ব্যাজ, নাম, কুল, বংশ, কথন, বাক্য বিং
ব্যুপদেশ —ব্যাজ, ছল।
দৈবাদেশ —দৈববাণী, প্রত্যাদেশ।
সমদেশ —যাহা উঁচু নীচু নহে।
মহাদেশ —অতি বিস্তীর্ণ ভূভাগ।
কার্য্যদ্বেষ —আলস্য, কার্য্য সম্পাদনে অমনোযোগ।
অন্নদ্বেষ —ক্ষুধামান্দ্য, আহারে অরুচি।
অন্তর্দ্দেশ —দুই পর্ব্বতের মধ্যবর্ত্তী স্থান, মধ্য প্রদেশ।
উদপেষ —গোলা, কোন দ্রব্য জলে মিশ্রিত করণ।
সরপেশ —[বাং] উত্থাপন, সমীপস্থ করণ।
বিনিষ্পেষ—পেষণ, চূর্ণন, বিনাশ।
সুগ্রীবেশ —রামচন্দ্র, রাঘব।
ঘাতাবেশ —এক অঙ্ক সেই অঙ্ক দ্বারা পূরণ ক্রিয়া।
ভূতাবেশ —ভূতে পাওয়া, ভূতসঞ্চার।
প্রাতিবেশ —(প্রতীবেশ) গৃহসন্নিকটস্থ গৃহ।
ত্রিদিবেশ —দেবতা, অমর, ইন্দ্র।
ছদ্মবেশ —কপট বেশ।

সন্নিবেশ —নগরাদির বহিঃস্থভূমি, আশ্রয়.সংগ্রহ, সংযোগ,ভিতরে প্রবেশ, রচনা,সমষ্টি, শিবির

অপবেষ —কোন বস্তু অলক্ষিত স্থানে বেঁধা।

দুষ্প্রবেশ —যাহাতে প্রবেশ করা যায় না-দুর্গম।

সমাবেশ —প্রবেশ,সংস্থিতি,একত্র অবস্থান,মনোযোগ

পরিবেশ —[পরিবেষ] চন্দ্রসূর্য্যের মণ্ডল,পরিধি,বেষ্টন

কেশবেশ —কবরী, কেশ বিন্যাস, চুলের খোঁপা।

অনিমেষ —দেবতা, মৎস্য, অল্প সময়, নিমেষ শূন্য।

খদ্যোতোন্মেষ-জ্যোতিরিঙ্গণ,জোনাকি পোকা,জ্ঞানাঙ্ক।

মথুরেশ —শ্রীকৃষ্ণ, নন্দনন্দন।

কিন্নরেশ —কুবের, যক্ষরাজ।

নকুলেশ —ভৈরব-শিবের মূর্ত্তি বিং, তন্ত্রে-'হ' কার।

মণ্ডলেশ —রাজা, সম্রাট।

উপশ্লেষ -[পরিশ্লেষ]একদেশ সম্বন্ধ, আলিঙ্গন, আশ্লেষ

প্রবিশ্লেষ —অতিশয় বিচ্ছেদ, প্রকৃষ্ট ব্যবধান, বিয়োগ

একশেষ —দ্বন্দ্ব সমাস বিং, একান্ত।

আকাশেষ—ইন্দ্র, দেবরাজ।

কীর্ত্তিশেষ—মরণ, মৃত্যু, মৃত, কীর্ত্তি বিনাশ।

অন্নশেষ —উচ্ছিষ্ট-আহারান্তে যাহা শেষ থাকে।

অবশেষ —[পরিশেষ] অবশিষ্ট, বাকী, উদ্বর্ত্ত, সমাপ্তি

সাবশেষ —অবশিষ্ট, অসম্পূর্ণ।

অবিশেষ —অভেদ, বিশেষাভাব, অভিন্ন, তুল্য।

সবিশেষ —অত্যুত্তম, প্রধান, ধর্ম্ম বা গুণ বিশিষ্ট।
নির্ব্বিশেষ —প্রভেদ রহিত, অভিন্ন, বৈলক্ষণ্য শূন্য।
যশঃশেষ —[নামশেষ] মৃত্যু, কীর্ত্তি শেষ, মৃত।
উপদেশ্য —শিক্ষণীয়, উপদেশ দিবার যোগ্য।
পারদেশ্য—বিদেশীয়, প্রবাসী,পথিক,পর দেশ সম্বন্ধীয়
বিদ্বদ্দেশ্য —পণ্ডিত সদৃশ, ঈষদূন বিদ্বান্।
চিন্তাবেশ্ম—মন্ত্রণা গৃহ-যে গৃহে বসিয়া মন্ত্রণা করা যায়
কারাবেশ্ম—কারাগার।

এস—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

ফাউলফ্লেশ্ —(ইং) মুর্গী মাংস।
পয়মায়েশ —(যাং) মাপ, জমী জরীপ।
স্বর্গলোকেশ —শরীর, দেহ, দেবরাজ, ইন্দ্র।
নিরক্ষদেশ —যে দেশ দিয়া বিষুব রেখা গিয়াছে।
হিতোপদেশ —সৎ পরামর্শ দান, নীতিগ্রন্থ বিং।
নদীপ্রদেশ —নদী ও শাখানদী সকলের প্রবাহিত স্থান
প্রাণিপ্রদেশ —(জীবপ্রদেশ)যে দেশে জীবজন্তু বাসকরে
মিসরদেশ —আফ্রিকা মহাদেশের অন্তর্গত ইজিপ্টদেশ
ব্রহ্মর্ষিদেশ —কুরুক্ষেত্র-মৎস্য-পঞ্চাল-শূরসেন=৪দেশ
কার্য্যপ্রদ্বেষ —আলস্য-কার্য্য সম্পাদনে অমনোযোগ।
প্রিয়সন্দেশ —চম্পক বৃক্ষ, সুসংবাদ।
বজ্রনিষ্পেষ —বজ্রধ্বনি, বজ্রোৎপন্ন শব্দ।
সেনানিবেশ —শিবির, ছাউনি।

উপনিবেশ —স্বদেশ ত্যাগান্তে অন্য দেশে বাস।

অভিনিবেশ —আগ্রহ, আবেশ, মনোযোগ, প্রণিধান,
দৃঢ়সঙ্কল্প, অনুরাগ, সংস্কার, মরণভীতি।

প্রায়োপবেশ—অনশনে প্রাণত্যাগার্থে উপবেশন।

সমুপবেশ —অভ্যর্থনা, বসান, সমাদর।

অনুপ্রবেশ —অন্তঃপ্রবেশ, প্রতিবিম্বরূপেপতন, অধিষ্ঠান

শতপর্ব্বেশ —শুক্রগ্রহ, ভৃগু, দৈত্যগুরু।

আলেখ্যশেষ—চিত্রাবশিষ্ট, মৃত।

নিরবশেষ —নিঃশেষ, সম্পূর্ণ।

পচতিদেশ্য —যাহা প্রায় পক্ক হইয়াছে।

এস—অন্ত। (৬) ষড়ক্ষর।

উদ্ভিজ্জপ্রদেশ—যে প্রদেশে যে জাতীয় বৃক্ষাদি জন্মে।

নির্ঝর্ষপ্রদেশ —বর্ষশূন্য দেশ-যে দেশে বৃষ্টি হয় না।

স্থানসন্নিবেশ —স্থান নির্ণয় ও তাহার সীমাদি নিরূপণ।

ইতরবিশেষ —ভেদাভেদ, ভিন্নতা।

ঐস—অন্ত। (২) দ্ব্যক্ষর।

ঐশ —ঈশ্বর সম্বন্ধীয়, স্বর্গীয়, রাজকীয়।

তৈষ —পৌষ মাস।

নৈশ —নিশা সম্বন্ধীয়, রাত্রিকালীন, নিশাভব।

প্রৈষ —প্রেরণ, পাঠান, ক্লেশ, মর্দ্দন।

প্রৈষ্য —দাস, ভৃত্য, প্রেরণীয়।

বৈশ্য —তৃতীয় বর্ণ, বণিক্।

সম্প্রেষ—আজ্ঞাকর্ত্তা, নেতা, প্রেরণ কর্ত্তা, প্রেরক।

ওস—অন্ত। (২) দ্ব্যক্ষর।

দোস্ —বাহু, ত্রিভূজ বা চতুর্ভুজ ক্ষেত্রের ভুজ।

ওষ —দাহ, দহন। (দেং) তুষার, শিশির।

কোশ —(কোষ) কুট্মল, কুঁড়ি, খাপ, কোষা, পান পাত্র, ধনাগার, যোনি, মুষ্ক, ডিম্ব, পোকার গুটি, মঞ্জুষা, কাঁঠালের কোয়া, মাংস পেশী, অভিধান

ক্রোশ —রোদন, আহ্বান, ৮০০০ হাত পরিমাণ।

খোস —[যাং] খুসী, সন্তোষ। [দেং] পাঁচড়া, কণ্ডু।

গোস —প্রাতঃকাল। (যাং) নিভৃত স্থান।

ঘোষ —গোয়ালা, গোয়ালা পাড়া, ধ্বনি, মেঘের ধ্বনি, কাঁসা, মশা, পদবী বিং, মধুরিকা, কর্কটশৃঙ্গী।

চোষ —চোষণ, দোহন, স্ফীতি, রসাকর্ষণ।

জোষ —আহ্লাদ, আমোদ, সন্তোষ।

ঠোস —(দেং) বিস্ফোটক, ফোস্কা, স্ফীতি, ঠোসা, ঠুলি

তোষ —সন্তোষ, তৃপ্তি, হর্ষ, সন্তুষ্ট।

দোষ —পাপ, অপরাধ, অনিষ্ট, কলঙ্ক, ত্রুটি, বাত-পিত্ত-কফাদির অন্যথা ভাব, রাগ, মোহ, ভ্রম।

পোষ —পালন, বর্দ্ধন।

প্রোষ —দুঃখ, সন্তাপ।

ব্যোষ —ত্রিকটু, শুঁঠ-পিঁপুল-মরিচ—৩।

মোষ —বধ, চৌর্য্য, কর্ত্তন, ছেদন, প্রতারণা, শঠতা।

রোষ —রাগ, ক্রোধ।
প্লোষ —দগ্ধ, পোড়ন।
শোষ —শোষণ, শুষ্ক হওয়া, যক্ষ্মা রোগ।
চোষ্য —যাহা চুষিয়া খাইতে হয়।
পোষ্য —পোষণীয়, প্রতিপাল্য।

ওস—অন্ত। (৩) ত্র্যক্ষর।

ভগোস্ —[ভগোঃ] সম্ভ্রম সূচক সম্বোধন পদ।
অঘোস্ —সম্বোধন সূচক। অঘোষ—নিঃশব্দ।
বিকোষ —[নিষ্কোষ] কোষ রহিত।
ব্যাকোষ—মুকুলিত, বিকসিত, প্রফুল্ল, উন্মিষিত।
ভাকোষ—সূর্য্য, রবি, দিবাকর।
আক্রোশ—রাগ, অভিযোগ, মনোবাদ, কটূক্তি, নিন্দা, শাপ
উৎক্রোশ—কুরর পক্ষী, চীৎকার।
স্ত্রীঘোষ—প্রভাত, প্রাতঃকাল।
ঘুর্ঘোষ —ভল্লুক, কুৎসিত শব্দ, ঘোষণা।
নির্ঘোষ —শব্দ, ধ্বনি, কোলাহল।
সন্তোষ —আহ্লাদ, হর্ষ, তৃপ্তি।
ত্রিদোষ —বাত-পিত্ত-কফ=৩ দোষ।
প্রদোষ —রজনীমুখ-সায়ংকাল, দোষ, দুষ্ট, প্রকৃষ্টদোষযুক্ত
ভূদোষ —পরদারাভিগমন প্রভৃতি দোষ।
ত্বগ্দোষ —কুষ্ঠ রোগ, দুশ্চর্ম্মা, অপ্রাবৃত মেঢ্র।
নির্দ্দোষ—দোষ রহিত, নিরপরাধ, বিশুদ্ধ, অনঘ।

—উপবাস, অনাহার।

...োষ —চৌর্য্য, অন্যায় পূর্ব্বক পরদ্রব্যাপহরণ।

কুপোষ্য—উপায় হীন পোষ্য বর্গ।

ওস—অন্ত। (৪) চতুরক্ষর।

বায়ুকোষ —শরীরান্তর্গত চর্ম্মময় কোষ বায়ু।

খড়্গকোষ —খড়্গের খাপ।

বীজকোশ —[বীজকোষ] পদ্মবীজাধার।

অণ্ডকোশ —[অণ্ডকোষ] মুষ্ক, শিম্বী, যাহাতে ফল থাকে

জাতিকোশ—[জাতিকোষ] জায়ফল, জাতিফল।

শব্দকোষ —অভিধান, শব্দার্থ প্রকাশক গ্রন্থ।

ইন্দ্রকোষ —মঞ্চ, খট্টা, নাগদন্তক।

মধুকোষ —মক্ষিকা কোষ, মৌচাক, ছাগ মুষ্ক।

চম্পকোষ —কাঁঠাল গাছ।

তিমিকোষ—সমুদ্র, সাগর।

বারকোষ —[দেং] কাষ্ঠময় গোলাকার বৃহৎপাত্র বিং।

দলকোষ —কুন্দ পুষ্পের গাছ।

তুলাকোষ—তুলাদণ্ডের দ্বারা দোষ পরীক্ষণ ধারা বিং

কেলিকোষ—নট্, নর্ত্তক।

বর্ষকোষ —দৈবজ্ঞ, গণক, মাস।

দেহকোষ —পক্ষ, পাখা, শরীরের চর্ম্ম।

অনুক্রোষ —দয়া, অনুকম্পা, আনুকুল্য।

অপক্রোশ —নিন্দন, ভর্ৎসন, জুগুপ্সন।

উপক্রোশ —নিন্দা, ভর্ৎসনা, বীণার শব্দ।
অবক্রোশ —অভিশাপ, নিন্দা, অধিক্ষেপ।
ব্যবক্রোশ —পরস্পর আক্রোশন, পরস্পর ক্রোধ কৃ।
সমুৎক্রোশ—উচ্চ শব্দ, কুরর পক্ষী।
খরগোস —[খরগোশ] স্বনাম খ্যাত জন্তু, শশক।
মঞ্জুঘোষ —সুস্বরশালী, বুদ্ধ, জিন বিং, মঞ্জুভদ্র।
নীতিঘোষ—বৃহস্পতির রথ, নূতন শব্দ।
আত্মঘোষ—কাক, কুক্কুট, মুরগী।
নন্দিঘোষ—মঙ্গল ঘোষণা, অর্জ্জুনের রথ।
মধুঘোষ —[কলঘোষ] কোকিল, পিক।
যামঘোষ —কুক্কুট, কুকড়া।
দমঘোষ —চেদিদেশাধিপতি-শিশুপালের পিতা।
পরিঘোষ —ধ্বনি, মেঘের শব্দ, অবাচ্য বাক্য।
বর্ষাঘোষ —মণ্ডূক, ভেক।
মহাঘোষ —হাট-বাজারাদি, উচ্চশব্দ।
পরিতোষ—সর্ব্বতোভাবে সন্তোষ,আনন্দ,হর্ষ, তৃপ্তি।
আশুতোষ—অল্পেই যাঁহার সন্তোষ জন্মে-শিব।
মূত্রদোষ —মেহ, মূত্রের সহিত রেতঃ ক্ষরণ।
অর্থদোষ —কাব্যার্থদূষক, কাব্য দোষ বিং।
স্বপ্নদোষ —নিদ্রিত অবস্থায় রেতঃ স্খলন।
সরপোষ —[ছেরপোষ] (যাং) ঢাকনী, আচ্ছাদন।
পরিশোষ —সর্ব্বতোভাবে শোষণ, শুষ্কতা, নীরসতা।

দুগ্ধপোষ্য—ক্ষীর কণ্ঠ বালক, অতি শিশু।

ওস—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

অমরকোষ—অমর সিংহ প্রণীত অভিধান বিং।

নিরনুক্রোশ—নির্দ্দয়, নিঃস্নেহ, নিষ্করুণ।

বজ্রনির্ঘোষ—বজ্রোৎপন্ন শব্দ, বজ্রপাত জনিত শব্দ।

ইন্দ্রিয়দোষ—কামাদি দোষ, কামুকতা।

অন্তর্জ্জলোৎস—ভূগর্ভস্থিত উৎস।

অন্নময়কোষ—স্থূল শরীর।

ঔস—অন্ত। (২) দ্ব্যক্ষর।

কৌশ —কান্য কুব্জ দেশ।

পৌষ —দ্বাদশ মাসান্তর্গত নবম মাস, তিষ্য, তিষ্য

ঔষ্ম —উষ্ণতা, উষ্মতা, তাপ।

মালকৌশ—রাগ বিং, কৌশিক রাগ।

সা। (১) একাক্ষর।

সা —লক্ষ্মী, দুর্গা।

শ্বা —কুক্কুর, সারমেয়।

প্সা—ভোজন, অশন। [ধা] ভক্ষণ—প্সা, প্সান, প্সাত।

অসা—অন্ত। (২) দ্ব্যক্ষর।

কশা —[কসা] চাবুক, লাগাম।

কষা —চাবুক, লাগাম, [দেং] ব্যয়কুণ্ঠ, কৃপণ, কটুরস।

খুশা —মুরা নামক গন্ধ দ্রব্য, [দেং] আলগা।

ঘষা —[দেং] মর্দ্দন, পেষণ।

দশা —বস্ত্রান্ত, দশী, যৌবনাদি বয়স,অভিলাষ-চিন্তা-স্মৃতি-গুণকথন-উদ্বেগ-প্রলাপ-উন্মাদ-ব্যাধি-জড়তা-মরণ=দশ কামজ দশা, শলিতা, স্থিতি, বৃত্তি, গতি, ভাব, অবস্থা, মৃত মানবের দশম দিবসানুষ্ঠীয় ব্যাপার, জন্মকালীন গ্রহের স্থিতি

স্নসা —স্নায়ু, শিরা।

বসা —মজ্জা, মেদঃ, চর্ব্বি। (দেং) উপবেশন।

ভষা —লতা বিং, স্বর্ণক্ষীরী লতা।

ভসা —[ধা] দীপ্তি-ভাস, ভাসিত, ভাসমান।

মশা —[দেং] দংশক কীট বিং, মশক।

রসা —পৃথিবী, রসনা, দ্রাক্ষা, রজ্জু, দড়ী।

লসা —হরিদ্রা, হলুদ।

শশা —[সশা] (দেং) স্বনাম খ্যাত প্রসিদ্ধ ফল বিং।

স্বসা —ভগিনী, বোন।

শংসা —বাক্য, বাঞ্ছা, প্রশংসা।

অশ্বা —ঘোটকী, ঘুড়ী।

বশ্যা —বশীভূতা, বাধ্যা, অধীনা।

নক্সা—[যাং] চিত্র, প্রতিকৃতি।

ফর্সা —[ফর্ষা] নির্ম্মল, স্বচ্ছ, শেষ, নিষ্পন্ন, পরিস্কৃত।

অসা—অন্ত। (৩) ত্র্যক্ষর।

পয়সা —(দেং) তাম্র মুদ্রা।

নিকষা —রাবণের মাতা, নিকটে, মধ্যে।

বচসা —(দেং) বাক্যব্যয়, বকাবকি, বাক্‌যুদ্ধ।
বিস্রসা —জরা, বার্দ্ধক্য।
অঞ্জসা —শীঘ্র, যথার্থ, তত্ত্বতঃ।
পাতসা —[বাদ্‌সা] (যাং) ভূপতি, সম্রাট।
দুর্দ্দশা —দুরবস্থা, মন্দ দশা, বিপত্তি, বিপাক।
মনসা —সর্পবংশীয় দেবী বিং, জরৎকারুমুনির পত্নী।
ধমনী —স্নায়ু, শরীরান্তর্গত সূত্রবৎ সূক্ষ্ম নাড়ী।
গোবশা—বন্ধ্যা গোরু।
ব্যবসা–জীবিকা,বাণিজ্য,অনুষ্ঠান,ইচ্ছা,নিশ্চয়,যত্ন,কার্য্য
ধামসা —(দেং) বাদ্য বিং,স্থূল,অপরিষ্কার,লণ্ডভণ্ড ক্রু।
তরসা —ঝটিতি, শীঘ্র।
ভরসা —(দেং) আশা, সাহস।
রিরংসা--রমণেচ্ছা, ক্রীড়ার ইচ্ছা।
আঁৎরসা-(দেং) পেটের পীড়া।
আড়সা—(দেং) জঞ্জাল, আবর্জ্জনা, কুস্থান।
বড়শা —(দেং) শস্ত্র বিং, বল্লম।
বালসা —(দেং) বালকের জ্বর রোগ।
মালসা —(দেং) মৃণ্ময় পাত্র বিং।
রোষংসা–ইচ্ছা, বাসনা।
সহসা —শীঘ্র, হঠাৎ, অকস্মাৎ, হাস্যকারিণী।
বনশ্বা —গন্ধ মার্জ্জার, শৃগাল, ব্যাঘ্র, বঞ্চক।
তপস্যা—দেবতার আরাধনা বিং, ব্রতচর্য্যা, ঈশ্বর চিন্তা।

অবশ্যা—কুজ্ঝটিকা, কোয়াসা।
সমস্যা —শ্লোক সম্পূরণার্থ প্রশ্ন।
সশস্যা —নাগদন্তী বৃক্ষ।
পঞ্চষাঃ—পাঁচ বা ছয়ের পরিমাণ।
উক্থশাঃ-যজমান, যাজ্ঞিক।
জিঘৎসা—ভোজনাভিলাষ, বুভুক্ষা, ক্ষুধা।
বিবৎসা—বাস করিবার ইচ্ছুক, বাসেচ্ছু।
বিশ্বপ্সা—অগ্নি, চন্দ্র, সূর্য্য, বিশ্বকর্ম্মা।
দ্বিবর্ষা —দুই বৎসর বয়স্কা গাভী।

অসা—অন্ত। (৪) চতুরক্ষর।

বিহায়সা —আকাশ, গগন।
মনাকষা —মনোমালিন্য, অন্তর্ব্বিরোধ।
চর্ম্মকষা —[চর্ম্মকসা] পশ্চিমদেশজাত গন্ধদ্রব্য বিং।
মাথাঘষা —মস্তক মার্জ্জন, মাসিক ঋতু, রজঃস্বলা।
নীলাঞ্জসা —অপ্সরা বিং, বিদ্যুৎ, নদী বিং।
স্মরদশা —মদনাবস্থা, অভিলাষ-চিন্তা-স্মৃতি-উদ্বেগ-গুণ কথন-প্রলাপ-উন্মাদ-রোগ-জড়তা-মরণ—এই ১০ কাম দশা, জ্যোৎস্না রাত্রি।
পাঠদ্দশা —পাঠের অবস্থা, পড়িবার সময়।
জীবদ্দশা —যত কাল প্রাণ ধারণ করা যায়।
পরানসা —চিকিৎসা, রোগ প্রতীকার।
একানংশা —পার্ব্বতী, দুর্গা।

ইন্দ্রবংশা —দ্বাদশাক্ষর ছন্দো বিং।

পঞ্চরসা —আমলকী=৫ রসের আস্বাদন।

যুক্তরসা —রাস্না, কণ্টক আমলকী।

মুক্তারসা —লতা বিং, রাস্না।

স্বাদুরসা —ওষধি বিং, কাকোলী, দ্রাক্ষা, আমড়া।

দ্রবরসা —লাক্ষা, লা, জতু।

অম্বুরসা —বর্ব্বরী, বাবুই তুলসী।

সহরসা —সিম্বী বিং, মুদ্গপর্ণী।

মাকড়সা —[দেং] লূতা, ঊর্ণনাভ।

রসালসা —ধমনী, নাড়ী।

পিতৃষ্বসা —[পিতৃস্বসা] পিতার ভগিনী—পিসী।

মাতৃষ্বসা —[মাতুঃষ্বসা, মাতুঃস্বসা] মাসী।

যমস্বসা —যমুনা নদী, দুর্গা, পার্ব্বতী।

অমাবস্যা —কৃষ্ণ পক্ষের শেষ তিথি।

বরিবস্যা —শুশ্রূষা, সেবা, পূজা, অর্চ্চনা।

অসৌকসাঃ—পক্ষি বিং, সিংহ, শরভ।

পুরুদংশাঃ—যিনি পুরুকে বিনাশ করেন—ইন্দ্র।

মৃতবৎসা —মৃতাপত্যা—যে স্ত্রীর সন্তান জীবিত থাকেনা।

বীরবৎসা —বীরের মাতা, বীরজননী।

আসা—অন্ত। (২) দ্ব্যক্ষর।

আশা —আকাঙ্ক্ষা, অনধিগত বিষয়ে তৃষ্ণা, দিক্, অতি তৃষ্ণা, ভবিষ্যৎ বিষয়ে দৃঢ় বিশ্বাস, দক্ষ প্রজা-

পতির অন্যতম কন্যা, দৈর্ঘ। (দেং) যষ্টি।

কাঁসা —রাং ও তামা মিশ্রিত ধাতু, কাংস্য।

খাসা —(যাং) উত্তম, উপাদেয়, বস্ত্র বিং।

চাষা —(দেং) চষক, অভদ্র, নীচ, অধম।

ঠাসা —(দেং) পূর্ণ, চাপা, গাদা।

ডাঁশা —(দেং) নাগদণ্ড, নালডাঁড়া, অপক্ক।

ঢাঁসা —(দেং) রীতি, নিয়ম, প্রণালী।

তাসা —(দেং) বাদ্য যন্ত্র বিং।

নাসা —ঘ্রাণেন্দ্রিয়, চৌকাঠের ঝণ্‌কাঠ, বৃক্ষ-রোগ বিং

পাশা —(দেং) অক্ষ, কর্ণ ভূষণ বিং।

ফাঁসা —(দেং) আবদ্ধ, গ্রস্ত, বিব্রত।

বাসা —(দেং) বাসক বৃক্ষ, নীড়, বসতি স্থান।

ভাষা —কথা, কথন, বাগ্দেবতা, রাগিণী বিং।

ভাসা —দীপ্তি, প্রভা, আলোক, ইচ্ছা, আজ্ঞা, উত্তোলিত

মাসা —(দেং) পরিমাণ বিং, ৮ রতি।

লাসা —(দেং) আঠা, নির্য্যাস, আটাযুক্ত পদার্থ।

পাশ্যা —পাশ সমূহ, রজ্জু সকল।

ধাসাঃ —পর্ব্বত, পাহাড়।

বাদ্‌শা —[যাং] ভূপতি, রাজা, সম্রাট।

ঝাপ্সা —[দেং] অস্পষ্ট দর্শন, অল্পদৃষ্টি।

মাল্‌সা —[দেং] মৃণ্ময় পাত্র বিং।

মালুসা —লতা বিং, ঔষধ বিং।

আসা—অন্ত। (৩) ত্র্যক্ষর।

কুয়াশা —[কোয়াশা] [দেং] কুজ্‌ঝটিকা, কুহেলিকা।

বিখাসা —জিহ্বা, রসনা।

জিজ্ঞাসা—প্রশ্ন, অনুসন্ধান করিবার ইচ্ছা।

জিঘাংসা—হননেচ্ছা, বধ চেষ্টা।

বাতাসা —(দেং) গুড় বিকার বিং, ফেণী।

প্রত্যাশা—আকাঙ্ক্ষা, ভরসা, প্রত্যয়, অপেক্ষা।

ধনাশা —অর্থাভিলাষ, ধন লিপ্সা, অর্থাকাঙ্ক্ষা।

পিপাসা—পানেচ্ছা, তৃষ্ণা।

সবাসা —কাপড় পরা, বস্ত্র পিহিত।

বিভাষা —বিকল্প, দ্বৈধভাব, ইচ্ছানুযায়ী কল্পনা।

বিভাসা —দীপ্তি, প্রকাশ, প্রভা।

তামাসা —(যাং) কৌতুক, রহস্য।

মীমাংসা—শাস্ত্র বিং, নিষ্পত্তি, পূর্ব্বাপর বিরোধ পরিহার

দুরাশা —দুষ্ট আশা, দুর্ম্মনোরথ।

দাঁড়াশা —[দাঁড়োশা] নির্ব্বিষ দীর্ঘকায় সর্প বিং।

খোলাশা—[যাং] পরিস্কার, স্পষ্ট, মুক্তি, খালাশ।

সমাস্যা —সাক্ষাৎকার।

অর্কাশ্মা —[সূর্য্যাশ্মা] সূর্য্যকান্ত মণি।

শীতাশ্মা—চন্দ্রকান্ত মণি, শীতল প্রস্তর।

গন্ধাশ্মা —গন্ধক।

নীলাশ্মা—নীলকান্ত মণি, নীল শিলা।

গৃহাশ্মা —পেষণ শিলা, শিল।
দুর্ব্বাসাঃ —ঋষি বিং, কুৎসিত বস্ত্রধারী, শিবের অংশ।

আসা—অন্ত। (৪) চতুরক্ষর।

আচিখ্যাসা—কথনের ইচ্ছা, বিপক্ষ।
ক্ষুৎপিপাসা—ক্ষুধা ও তৃষ্ণা।
পদ্মবাসা —কমলা, লক্ষ্মী, সরস্বতী, হরি প্রিয়া।
অপভাষা —অসাধু ভাষা, অপকৃষ্ট ভাষা।
পরিভাষা —সংক্ষেপ নিয়ম, সাঙ্কেতিক বাক্য।
পূষভাষা —অমরা বতী, ইন্দ্র নগরী।
আর্দ্র মাষা —মাষপর্ণী, মাষাণী।
পুষ্পহাসা —ঋতুমতী, রজস্বলা।
মাংসহাসা —চর্ম্ম, চামড়া।
পত্রপাশ্যা —সুবর্ণাদি রচিত ললাটের অলঙ্কার বিং।
বালপাশ্যা—স্ত্রীলোক দিগের ললাট ভূষণ, সিঁথী।
অমাবাস্যা—কৃষ্ণপক্ষের শেষ তিথি।
জ্বালনাশ্মা —সূর্য্যকান্ত মণি।
গরুড়াশ্মা —মরকত মণি।
পীতবাসাঃ—শ্রীকৃষ্ণ, নারায়ণ।
শিতিবাসাঃ-(সিতিবাসাঃ) বলদেব, নীলাম্বর।

আসা—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

রজনীহাসা —শেফালিকা, পুষ্প বিং।
মর্কটবাসাঃ —মাকড়সার জাল।

দশনবাসাঃ—ওষ্ঠ, অধর, ঠোঁট।

ইসা—অন্ত। (২) দ্ব্যক্ষর।

ঈশা —দুর্গা, ঈশ্বরী, লাঙ্গল দণ্ড।

ঈষা —লাঙ্গল পদ্ধতি, সীতা।

তৃষা —পিপাসা, ইচ্ছা, লোভ, কামপুত্রী।

দিশা —[দিশাঃ] দিক্, দন্ত ক্ষত, রীতি, মলত্যাগ।

দৃশা —চক্ষুঃ, নয়ন।

নিশা —রাত্রি, হরিদ্রা, দারুহরিদ্রা, মেষ-বৃষ-মিথুন-
কর্কট-ধনু-মকর লগ্ন।

নিসা —দায়গ্রহণ, দায়ী হওন। (দেং) নেসা, উন্মত্ত।

পিসা —(দেং) পিতার ভগ্নীপতি, পিসীর স্বামী।

স্পৃশা —স্পর্শ, স্পর্শকারী, কাকোলী।

বিষা —বুদ্ধি, অতিবিষা লতা।

বৃষা —ইন্দ্র, কর্ণ, দুঃখ, যাতনায় অচৈতন্য, ষাঁড়, ঘোটক

মৃষা —মিথ্যা, অসত্য, অলীক, বৃথা।

শ্লিষা —আলিঙ্গন, আশ্লেষ, কোলাকুলি।

সীসা —সীসক, সীস পত্রক, ধাতু বিং।

হিংসা —দ্বেষ, হিংসন, বধ, হত্যা।

ভিস্সা —ভক্ত, অন্ন, ভাত।

দৃশ্বা —যে দেখিয়াছে।

হিস্যা —[যাং] অংশ, ভাগ।

দিৎসা —দান করিতে ইচ্ছা, বদান্যতা।

মৃৎসা —প্রশস্ত মৃত্তিকা, উত্তম মাটী।

ঈপ্সা —ইচ্ছা, বাঞ্ছা, অভিলাষ।

বীপ্সা —যুগপৎ ব্যাপনেচ্ছা, ব্যাপিয়া থাকিবার ইচ্ছা।

লিপ্সা —লাভেচ্ছা, স্পৃহা, বাঞ্ছা, কামনা, লোভ, বাসনা।

ঈর্ষা —পরশ্রী কাতর, দ্বেষ।

ইসা—অন্ত। (৩) ত্র্যক্ষর।

জিগীষা —জয় করিবার অভিলাষ, উদ্যম, ব্যবসায়।

বিদিশা —মালব দেশান্তর্গত নগরী বিং।

নিনীষা —১স্থান হইতে স্থানান্তরে লইয়া যাইবারইচ্ছা।

পানীসা —[দেং] বিস্বাদু, পানসা, জলবৎ।

মনীষা —বুদ্ধি, প্রজ্ঞা, পাণ্ডিত্য, মতি।

তবীষা —ইন্দ্র কন্যা।

প্রবিষা —অতিবিষা, আতইষ গাছ।

নির্বিষা —যে বিষ শূন্য করে-বিষনাশক তৃণ বিং।

বরিষা —বহুবর্ষা, প্রাবৃট কাল, বৃষ্টি।

আলিসা —(দেং) কুড়ে, অলস, প্রাচিরাদির বন্ধনী বিং।

খলিশা —(দেং) মৎস্য বিং, খলিশ মৎস্য।

খালিশা —(দেং) খালি, শূন্য, বোঝা হীন।

হলীশা —লাঙ্গল দণ্ড।

চাল্লিশা —(দেং) পূর্ণ ৪০, চক্ষে ঝাপ্সা দেখা।

অহিংসা —হিংসার অভাব, পীড়া না দেওয়া।

প্রতিশ্যা —প্রতিশ্যায়, পীনাশ রোগ, নাসিকা রোগ।

অধৃষ্যা —প্রগল্ভা, নদী বিং।

চিকিৎসা—রোগ প্রতীকার জনক ক্রিয়া।

আদিৎসা—গ্রহণেচ্ছা।

বিধিৎসা—বিধান করণেচ্ছা।

নির্ম্মিৎসা—নির্ম্মাণ করিবার ইচ্ছা।

জিহীর্ষা —হরণেচ্ছা. চুরি করিবার ইচ্ছা, আক্রমণেচ্ছা।

ইসা—অন্ত। (৪) চতুরক্ষর।

শিশয়িষা —শয়ন করিবার ইচ্ছা।

বিজিগীষা —জয়েচ্ছা, কশ্চিৎপ্রাকর্ষ, ব্যবহার।

মৃগতৃষা —[মৃগতৃষ্ণা] সূর্য্য কিরণে জল ভ্রম।

মিমন্থিষা —মন্থন করিতে ইচ্ছা, হননেচ্ছা।

দারুনিশা —দারু হরিদ্রা।

মহানিশা —মধ্যরাত্র, নিশীথ সময়, নিশা মধ্যভাগ।

পরিনিংস্যা —চুম্বন, ভক্ষণ।

জুগোপিষা—গোপনেচ্ছা।

মিমিক্ষা —মিশ্রিত করিতে ইচ্ছা।

জিজীবিষা —বাঁচিবার অভিলাষ, জীবনেচ্ছা।

অতিবিষা —বৃক্ষ বিং. আতইষ।

অপবিষা —এক প্রকার ঘাস।

নীলবৃষা —বার্ত্তাকু, বেগুণ।

শতভিষা —২৭ নক্ষত্রের অন্তর্গত ২৪শ নক্ষত্র।

জিগমিষা —গমনেচ্ছা।

প্রতিহিংসা—বৈর শুদ্ধি, প্রতিফল, বৈর নির্য্যাতন।

মাতরিশ্বা —পবন, অনিল, প্রভঞ্জন, সমীরণ, বায়ু।

বিচিকিৎসা—সংশয়, সন্দেহ।

অভিধিৎসা—উপদেশ, অনুজ্ঞা, ইচ্ছা।

অন্নলিপ্সা —ক্ষুধা, বুভুক্ষা।

বিজিহীর্ষা —বিহার করিার ইচ্ছা।

ইসা—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

পিঙ্গকপিশা —তৈলপায়িকা, তেলাপোকা, আরসুলা।

দীর্ঘতিমিষা —কর্কটী, কাঁকুড়।

কায়চিকিৎসা—ব্যাধির চিকিৎসা।

প্রতিবিধিৎসা—প্রতিবিধানের ইচ্ছা, প্রতিকারেচ্ছা।

আনুবিধিৎসা—প্রত্যুপকারের অনিচ্ছা।

অনুসন্ধিৎসা —অনুসন্ধান করিবার ইচ্ছা।

আসঙ্গলিপ্সা —সকলে একত্র হইয়া থাকিবার ইচ্ছা।

অনুচিকীর্ষা —অনুকরণ করিবার ইচ্ছা।

উপচিকীর্ষা —পরোপকারে প্রবৃত্তি।

অনন্তশীর্ষা —অসীম মস্তক, বাসুকি পত্নী, বাসুকি।

উসা—অন্ত। (২) দ্ব্যক্ষর।

উষা —[ঊষা] অনিরুদ্ধপত্নী, বাণরাজকন্যা, রাত্রি প্রভাত

কুশা —রজ্জু, লাগাম, তৃণ বিং, মধু কর্কটিকা।

ঘুষা —(দেং) কীল, মুষ্টি, মুটা।

স্নুষা —পুত্র বধু, স্নুহী বৃক্ষ।

পুষা —সূর্য্য, রবি।

বুসা —নাট্যোক্তিতে-কনিষ্ঠা ভগ্নী, ছোট বোন।

মুষা —[মূষা] ধাতুদ্রব্য গলাইবার পাত্র-মুচী।

রুষা —রোষ, ক্রোধ, রাগ।

শুষ্মা —অগ্নি, রাঙ চিতা গাছ, শৌর্য্য, বল, প্রভা, দীপ্তি

কুৎসা —নিন্দা, গ্লানি, ভৎর্সনা।

উসা—অন্ত। (৩) ত্র্যক্ষর।

শুশ্রূষা —সেবা, পরিচর্য্যা, কথন, শ্রবণেচ্ছা, উপাসনা।

মঞ্জুষা —পেটরা, সিন্ধুক, মঞ্জিষ্ঠা লতা, পাষাণ, প্রস্তর।

ত্রপুষা —শশা, কর্কটী।

ত্রিপুষা —কৃষ্ণ ত্রিবৃৎ।

হপুষা —ঔষধ দ্রব্য বিং, হবুস্।

বুভুষা —সম্ভবেচ্ছা, হইবার ইচ্ছা।

ধেনুষ্যা —গাভী বন্ধক, দোহনাসাধ্যা গবী।

বুভুৎসা —জানিতে ইচ্ছা, জিজ্ঞাসা।

জুগুপ্সা —নিন্দা, কুৎসা, ঘৃণা।

উসা—অন্ত। (৪) চতুরক্ষর।

প্রীতিজুষা —অনিরুদ্ধ পত্নী-উষা।

কণ্ঠভূষা —কণ্ঠমালা, চিক, হার প্রভৃতি।

তারাভূষা —রাত্রি, রজনী।

বাহুভূষা —কেয়ুর, বাজু, হস্তালঙ্কার মাত্র।

বহিঃশুষ্মা —অগ্নি, অনল, আগুন, দহন।

বারণবুষা —(-সা) কদলী বৃক্ষ, কলাগাছ।

এসা—অন্ত। (২) দ্ব্যক্ষর।

নেশা —[বাং] মত্ততা, মাতলামি।

শেষা —অনুগ্রহ পূর্ব্বক প্রদত্ত মালা।

হেষা —[হ্রেষা, হ্লেষা] ঘোড়ার ডাক, অশ্বধ্বনি।

প্রেষ্যা—দাসী, জজ্ঝা।

বেশ্যা —সাধারণ স্ত্রী, বারনারী।

শ্লেষ্মা —কফ, ছর্দ্দি।

এসা—অন্ত। (৩) ত্র্যক্ষর।

অশ্লেষা —২৭ নক্ষত্রান্তর্গত ৯ম নক্ষত্র।

স্বর্বেশ্যা —অপ্সরা।

ভূতকেশা—শিউলী, শেফালিকা, তৃণ বিং।

এসা—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

তুলসীদ্বেষা —বর্ব্বরী, বাবুই তুলসী।

শ্মশানবেশ্মা—শিব, কপালী, প্রেত বাস।

ওসা—অন্ত। (২) দ্ব্যক্ষর।

কোষা —তাম্র ময় জলাধার, ডোঙ্গা, পূজা পাত্র বিং।

খোসা —[দেং] ত্বক্‌, ছাল, শ্মশ্রু হীন ব্যক্তি।

গোসা —[বাং] রাগ, ক্রোধ, অভিমান, নিভৃত স্থান।

যোষা —নারী, রমণী।

ঢোষা —[দেং] অকর্ম্মণ্য, দুর্ব্বল, অলস।

দোষা —রাত্রি, বাহু, রাত্রি কালে।